হার্জ

দুঃসাহসী টিনটিন

# বিপ্লবীদের দঙ্গলে



আনন্দ

হার্জ

দুঃসাহসী টিনটিন

# বিপ্লবীদের দঙ্গলে



আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড
কলকাতা ৯


বিপ্লবীদের দঙ্গলে
তুমি ! এসো, ভেতরে এসো··· আজকের প্যারিস ফ্ল্যাশে কী লিখেছে দ্যাখো !
বিখ্যাত গায়িকা বিয়াংকা কাস্তাফিওর তাঁর দক্ষিণ আমেরিকা বিজয়-অভিযানে ইকোয়েডর কলম্বিয়া আর ভেনিজুয়েলার পরে সান থিওডোরাসে আসছেন। সেখানে তাঁকে অভ্যর্থনা করবেন জেনারেল টাপিওকা।
টাপিওকাই না আমাদের বন্ধু আলকাজারকে গদিচ্যুত করেছেন ?
হ্যাঁ, বরদুরিয়ার কুরভিতাশ সরকারের সাহায্যে। টাপিওকা নাকি খুবই অত্যাচারী···নিষ্ঠুর আর আত্মম্ভরী···
···এমনই আত্মম্ভরী যে, রাজধানীর নাম বদলে নিজের নামে টাপিওকা-পোলিস রেখেছে। বেচারা আলকাজার একদল অনুগত গেরিলা সঙ্গে নিয়ে আত্মগোপন করেছেন।
হ্যাঁ, হ্যাঁ, সেই বিখ্যাত পিকারোবাহিনী।
ঠিক। তারা টাপিওকা আর তার অনুচরদের উৎখাত করার সঙ্কল্প নিয়েছে। শোনা যায় বৃহৎ এক আর্থ-বাণিজ্যিক শক্তি তাদের পিছনে আছে : আন্তর্জাতিক কদলী ব্যবসায় সংস্থা···বেশ গোলমেলে পরিস্থিতি, বুঝলে···
যত্তো সব গেঁড়ি-গুগলি ! তোমার বক্তৃতার ঠেলায় তেষ্টা পেয়ে গেল··· এসো, এক চুমুক খেয়ে নাও···
ধন্যবাদ। জানোই তো আমি ওতে অভ্যস্ত নই।
বেশ, তাহলে আমিই···
ওয়াক্ !



গেঁড়িগুগলির ঝাঁক ! কোন হতচ্ছাড়া জানোয়ার আমার হুইস্কি সরিয়ে তার জায়গায় এই সাবানগোলা জল রেখেছে !
সাবানগোলা জল ? !
না তো কী ? একদম সেই স্বাদ !…একটুখানি চেখেই দ্যাখো না !
আমি…
?
?
আমি অবশ্য তোমার মতো পানীয়-বিশারদ নই, কিন্তু আমার তো হুইস্কির মতোই লাগছে…
হুইস্কির মতো ? !
শোনো হে আমার তরুণ বন্ধু, ওটা যদি হুইস্কি হয় আমি তবে পাঁকাল মাছের জেলি ! তুমি ঠিকই বলেছ আমি পানীয়-বিশারদ । এ-বিষয়টা আমি এক-আধটু বুঝি !
বটেই তো, বটেই তো… কিন্তু তবু…
ওই শুয়োরের পানীয়টা আসলে কী আমি জানি না, কিন্তু হুইস্কি হতেই পারে না ! তবু তোমাকে খুশি করতে আরেক চুমুক খেয়ে দেখছি…
ওয়াক্ !… থুঃ ! যাচ্ছেতাই ! বিচ্ছিরি ! জঘন্য !
এই যে আমি অপরূপা নাই তুলনা…
ন্-না !
….অঙ্গে রত্ন-আভরণ …বিশ্ববন্দিতা বিয়াংকা কাস্তাফিওরের সুধাময় কণ্ঠ সকলেরই পরিচিত…
হ্যাঁ, হ্যাঁ, খুব জানি !
…লাতিন আমেরিকায় তাঁর বিজয়াভিযান অব্যাহত । আজ তিনি সান থিওডোরাসের রাজধানী টাপিওকাপোলিসে পৌঁছেছেন…
…সেখানে তাঁকে বিপুল সম্বর্ধনা জানানো হয় । বিশ্বস্ত পরিচারিকা ইর্‌মা যথারীতি তাঁর সঙ্গে আছে…
…আর আছে পিয়ানোবাদক ইগর ওয়াগনার এবং কোটি ডলারের বিমা-করা তাঁর রত্নালঙ্কারের পাহারার জন্যে…
শাবাশ
বাহবা
বাহ্
শাবা
…দুই স্বীকৃতিপ্রাপ্ত গোয়েন্দা, সদা-সতর্ক, সর্বত্র তাঁর বিচক্ষণ অনুগামী ।


ক্রিইইইং
ক্রিইইইং
হ্যালো ?…হ্যাঁ… কে বলছেন ?
আমি জলিয়ন ওয়াগ… এইমাত্র টিভিতে কাস্তানেতকে দেখলাম… শুনলাম তাঁর গয়নাগাঁটি বিমা করা হয়ে গেছে…
…এবং বেশ মোটা টাকায় ! পলিসিটা আমায় পাইয়ে দিতে পারতেন না ? আমার রক বটম বিমা কোম্পানিকে ? প্রয়োজনে সাহায্য না করলে বন্ধু থেকে লাভ কী ? ছাড়ুন, ছাড়ুন… উপকার করার ইচ্ছে থাকলে তার উপায়ও হয় !…হ্যাঁ, নিশ্চয় !…উচিত কথা বলব না কেন ?…আর শুনুন…
কী ?…কিন্তু আমি… সে কি ?…আমি…আমি বলছি…কিন্তু…মাপ করুন…দেখুন…
ধুত্তোর…. !! এ কেমন রসিকতা !
দুম
ব্যাটা সীমা ছাড়িয়ে গেছে ! কাস্তাফিওরের গয়না ওকে দিয়ে বিমা করানো হয়নি সেটা আমার দোষ !! ছুঁচো কোথাকার !
ওয়াক্ !
গেঁড়ি-গুগলির ঝাঁক ! থুঃ ! থুঃ ! বিষ !
বিষ ???
কী যা তা বলছ, ক্যাপ্টেন ? তোমাকে বিষ খাইয়ে কার কী লাভ ? দু'চারজন শত্রু তোমার আছে, কিন্তু বিষ খাওয়াবার মতো কেউ নেই।
তা হবে….যা-ই হোক, আমার গা গুলোচ্ছে।
হুইস্কিটা খারাপ ? আমার তো বেশ লাগছে !
শুয়ে পড়ুন গে, ক্যাপ্টেন। ঠিক হয়ে যাবে…
শুভরাত্রি ! সকালবেলায় সুস্থ বোধ করবেন।
কিন্তু ব্যাপারটা যেন কেমন…
কুট্টুস !



ছি, কুট্টুস ! মাটি থেকে সবটা চেটেপুটে খেয়েছিস !
তো ককী হয়েছে ? এট্টুখানি হুইস্কি খ্খেলে ককী হয় ?
ইক্
তবে এটা প্রমাণ হয়েছে যে হুইস্কিতে বিষ নেই ।
চল্, নেশাখোর, শুয়ে পড়বি । ঘুমোলে নেশা কেটে যাবে ।
ইক্
পরদিন সকালে...
আমায় বিতিকিচ্ছি দেখাচ্ছে ! নিশ্চয় কালকের সেই হুইস্কির কাজ !
যাক, কী আর করা ! খবরের সময় হল...
টাপিওকাপোলিস : কাল রাত্রে বিখ্যাত গায়িকা বিয়াংকা কাস্তাফিওরকে তাঁর সঙ্গীতানুষ্ঠানের পরেই গ্রেপ্তার করা হয় । ওই অনুষ্ঠানে জেনারেল টাপিওকা স্বয়ং উপস্থিত ছিলেন...
...গায়িকাকে সান থিওডোরাস সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্রের অভিযোগে অভিযুক্ত করা হয়েছে...
টিনটিন !... টিনটিন !... জেনারেল টাপিওকা এক দারুণ কাণ্ড বাধিয়েছে !
বুদ্ধুটা কাস্তাফিওরকে গ্রেপ্তার করেছে ! বোঝেনি এর পরিণাম কী হবে !
কাস্তাফিওরকে গ্রেপ্তার ? না, না...
বলছি করেছে ! এক জলসার শেষে ! দারুণ কাণ্ড...তাই না ?
হ্যাঁ, তা বলতে পারো...
টিনট্যাক !... ক্যাস্পক হ্যাটপিন !... সাঙ্ঘাতিক খবর !... ভয়ঙ্কর !...
এই "ডেইলি রিপোর্টার" পড়ে দ্যাখো ! কাস্তাফিওরকে গ্রেপ্তার করা হয়েছে !
বিশদ বিবরণ কিছু দিয়েছে ?
বেচারা অসহায় মেয়েটা !...জেলে !... ভেবে দ্যাখো !... আমি হতভম্ব !
গর্‌র্‌র্‌র্ !



এখানটা শোনো, টিনটিন ! দারুণ মজার !
পড়ে যাও,শুনছি।
কিছু করা
পরতার সহি-
কারী মুখপাত্রের
সন্ত্রাসবাদী চক্রান্তে গায়িকা
বিয়াংকা কাস্তাফিওর গ্রেপ্তার
টাপিওকাপোলিস,
আন্তর্জাতিক
বিয়াংকা কাস্তা
গতকাল রাত্রে
থিওডোরাস
অভিযোগ
রাষ্ট্রের
তাঁর মালপত্র তল্লাসি করে এমন কিছু দলিল পাওয়া গিয়েছে যাতে জেনারেল টাপিওকা ও তাঁর সরকারকে উৎখাতের ষড়যন্ত্র প্রমাণিত হয়…
সরকারি ইস্তাহারে বলা হয়েছে যে, এই ষড়যন্ত্রের কেন্দ্র এক পশ্চিম ইউরোপীয় দেশে, গায়িকা তাঁর দক্ষিণ আমেরিকা যাত্রার আগে যেখানে ছিলেন।
ঠিক যেন সস্তা এক গোয়েন্দাকাহিনী !
কাস্তাফিওর ষড়যন্ত্রে লিপ্ত ! আশা করা যাক এক মুখ বন্ধ রাখার ষড়যন্ত্র !
ঢং
আজ্ঞে, দু'জন রিপোর্টার আপনি দেখা করবেন কি না জানতে চাইছে।
এর মধ্যেই ? !
বেশ, একটা ড্রেসিং-গাউন চড়িয়েই আসছি।
আরে, এতো দেখছি "প্যারিস ফ্ল্যাশ"-এর দ্রুপে আর রিজোতো। বলুন, কী করতে পারি ?
নমস্কার , ক্যাপ্টেন। মাপ করবেন, একটু বেশি সকালে এসেছি। এই কাস্তাফিওরের ব্যাপারে আপনার প্রতিক্রিয়া সবার আগে জানতে চাই।
আমার প্রতিক্রিয়া ?… খুবই সহজ !…
সবটাই এক বস্তাপচা পুরনো জঞ্জাল ! গেঁড়ি-গুগলির ঝাঁক ! কাস্তাফিওরের বিরুদ্ধে ষড়যন্ত্রের অভিযোগ !… উদ্ভট !
আচ্ছা, কিন্তু আপনার বিরুদ্ধে অভিযোগ সম্পর্কে কী বলবেন ?
আমার বিরুদ্ধে অভিযোগ ???
ওঃ, আপনি জানেনই না ? এই দেখুন, আজকের "ট্রাম্পেটার"…
?


অসম্ভব ! ওদের মাথা খারাপ হয়ে গেছে !
এই যে তুমি ! নাও, পড়ো ! তুমিও জড়িত !
আমি ?
হ্যাঁ, তুমি ! এটা পড়ে দ্যাখো !
সাহসী কাজের ফলে ব্যাপক লাভ হবে ।
কাস্তাফিওর ষড়যন্ত্র
টাপিওকা সরকারের নতুন অভিযোগ
টাপিওকাপোলিস : জনৈক সরকারি মুখপাত্র আজ বলেন যে, কাস্তাফিওর চক্রান্তের উৎস পশ্চিম ইউরোপের মার্লিনস্পাইক । কিছু আলকাজার-সমর্থক এ-জন্য দায়ী । চক্রান্তের তিন নায়ক ক্যাপ্টেন হ্যাডক, সাংবাদিক টিনটিন ও অধ্যাপক কাথবার্ট ক্যালকুলাস । তিনজনই আলকাজারের পুরনো বন্ধু । কাস্তাফিওর সম্প্রতি ক্যাপ্টেন হ্যাডকের বাড়ি মার্লিনস্পাইকে অতিথি হয়েছিলেন···
এ-সব কী লিখেছে ? নিশ্চয় ওদের মাথা খারাপ হয়েছে !
তাহলে অভিযোগ অস্বীকার করছেন ?
তবে আর বলছি কী ?
এক শো বার ! আগাগোড়া গাঁজাখুরি ছাই-পাঁশ !
ঢং
?
নমস্কার, মশাই !
আমি 'ডেইলি রিপোর্টার' থেকে !
?
!?
“রেডিও রাউণ্ড”-এর জন্যে কিছু বলুন, ক্যাপ্টেন···
···আর “রেডিও রেভ-আপ”-এর জন্যেও···
এ-সব অভিযোগ যেমন আজগুবি তেমনই মিথ্যা । আমরা চক্রান্তকারী ! গাঁজা, স্রেফ গাঁজা !
ভেবে দেখুন···এই যে প্রোফেসর ক্যালকুলাস । এঁকে দেখে কেউ বলবেন ইনি কোনও ষড়যন্ত্রে লিপ্ত থাকতে পারেন ?
?
নিশ্চয়, ভদ্রমহোদয়গণ ! আর সেজন্যে আমি গর্বিত !


রীতিমতো !...আমি বাজে কথা বলি না । কী লজ্জা ! কুৎসা ! দুর্বল নারীকে জেলে পোরা ! আমরা ওর মামলা এক্ষুনি আন্তর্জাতিক আদালতে নিয়ে যাচ্ছি !
অভিযোগ অস্বীকার করছেন, ক্যাপ্টেন ? যা-ই বলুন, জেনারেল আলকাজার কিন্তু আপনার বন্ধু, তাই না ?
আমার বন্ধু ? মাত্র দু'-তিন বার দেখা হয়েছে, ব্যস ।
যা বলেন । কিন্তু এটা তো সত্যি যে কাস্তাফিওর আপনারই আমন্ত্রণে এখানে এসেছিলেন ?
আমার আমন্ত্রণ, না তাঁর আক্রমণ ? কিন্তু চক্রান্ত...
যাক, এ-নিয়ে আর আলোচনা নয় । অভিযোগগুলি পাগলের প্রলাপ মাত্র.... আসুন, একটু পানীয়...
মিলানের কোকিলকণ্ঠীর মুক্তির জন্যে এবং...
...আপনাদের সুস্বাস্থ্য !
ওয়াক্ !
দাঁড়ান, যাবেন না !... কিছু গোলমাল হয়েছে ! এই পানীয় অখাদ্য !
অখাদ্য ? বরং উলটো । খাসা জিনিস !
আহা ! মখমল !
উম্মম্...
আমি বলছি খাবেন না ! ওর স্বাদ বিষের মতো !
নিশ্চয় । সবাই জানে এ সেই বিষ যা তিলে তিলে মারে ! হা ! হা ! হা !
সেটা কোনও সমস্যা নয় । আমাদের তাড়া নেই ! হা ! হা !
কেবল আমার কাছেই হুইস্কিটা এ-রকম লাগছে । কেন ? কোনও রহস্য আছে...
যদি না...ঠিক... হয়তো নেস্টর কোনও নতুন হুইস্কি এনেছে ।
ওকে জিজ্ঞাসা করতে হচ্ছে...
কর্তার মর্জি বুঝতে পারি না । দেখতে পাচ্ছি চমৎকার, যেমন বরাবর হয় ।
নেস্টর, নেস্টর...


নেস্টর, কী ব্যাপার ?
আজ্ঞে···ইয়ে···দেখছিলাম
এটা সত্যিই লক লোমণ্ড কি না।
কী দেখলে ?
আজ্ঞে, লক লোমণ্ডই।
কোনও সন্দেহ নেই !
ব্যাপারটা কী ? মাথামুণ্ডু কিছুই
তো বুঝতে পারছি না !
সেদিন সন্ধ্যায়···
আর একবার চেখে দেখবে নাকি ?
না, ঢের হয়েছে ! আমার সামনে
আর হুইস্কির নাম নিও না !
হতোদ্যম ? দিন কাটে না ? আপনার চাই···
কী ? কী ?
লক লোমণ্ড
পারা যায় না ! ব্যাটারা আমার
পেছনে লেগেছে ! চক্রান্ত !
চক্রান্তের কথা কী যেন
বলছিলে···শোনো !
···এবারে শুনুন কাস্তাফিওর চক্রান্ত সম্পর্কে
সর্বশেষ সংবাদ···এই ঘটনার বিশ্বব্যাপী প্রতিক্রিয়া,
বিশেষত সান থিওডোরাসে। সেখানে স্বাভাবিক
কারণেই প্রতিক্রিয়া তীব্রতম··· রাষ্ট্রপতির সঙ্গে এক
বিশেষ সাক্ষাৎকারেই তা স্পষ্ট···রাষ্ট্রপতি
জেনারেল টাপিওকা···
···তাঁর ভাষায় এই "নাটুকে চক্রান্তকারী"দের
সম্পর্কে মন্তব্য করেছেন···
চক্রান্তকারীরা হুঁশিয়ার ! কাপুরুষের মতো
নিজেদের ঘরে বসে গুজ-গুজ, ফিস-ফিস···
···করছে হীন চক্রান্তের পুতুল-নায়করা !
কুটিল ক্যাপ্টেন হ্যাডক হুঁশিয়ার ! হুঁশিয়ার
বিশ্বাসঘাতক টিনটিন আর ধূর্ত কাথবার্ট
ক্যালকুলাস !
ধূর্ত তুই, ব্যাটা গণ্ডার ! তোর
চেয়ে বিশ্বাসঘাতক আর কেউ
নেই, ব্যাটা ক্রিমি-কীট !
সঙ-সাজা চণ্ডাল ! দাঁড়াও, দু'কথা শুনিয়ে দিয়ে আসি !···
কিন্তু···


হ্যালো, আন্তঃরাষ্ট্র এক্সচেঞ্জ ? দক্ষিণ আমেরিকা চাই···টাপিওকাপোলিস··· জেনারেল টাপিওকা···কী···হ্যাঁ, হ্যাঁ···টা-পি-ও-কা···ঠিক !
টাপিওকা ? মানে সাগুদানা ? দুঃখিত, আমরা রাখি না। এটা মাংসের দোকান··· আমি কসাই কাট্স্···না, স্যার···
ঝড়-ঝঞ্ঝা, প্রলয় ! যখনই ফোন করি ওকে পাই কেন ?
একটা তার পাঠালে হয় না ?
তার ?···ঠিক বলেছ ! খাসা বুদ্ধি ! একটা তার !
দাঁড়াও, নম্বরটা দিচ্ছি···
কয়েক মিনিট বাদে···
পড়ছি শুনুন : জেনারেল টাপিওকা, টাপিওকাপোলিস, সান থিওডোরাস। মিথ্যা অভিযোগে ক্ষুব্ধ, বিচলিত। তীব্র প্রতিবাদ জানাচ্ছি। শুভেচ্ছা নয়। স্বাক্ষরকারী : হ্যাডক, টিনটিন এবং ক্যালকুলাস।
ঠিক আছে ! ধন্যবাদ !
অভিনন্দনের তার, স্যার ?
তোমার মুণ্ডু ! মাথাটা খারাপ নাকি ?
পরদিন সকালে···
ডেইলি রিপোর্টার
হ্যাডক : অস্বীকার করছি !
কোনও ষড়যন্ত্রে লিপ্ত থাকার কথা ক্যাপ্টেন তীব্রভাবে অস্বীকার করছেন
টাপিওকা : অভিযুক্ত করছি !
জেনারেলের দাবি, মার্লিনস্পাইকের ষড়যন্ত্রকারীদের সঙ্গে আন্তর্জাতিক কদলীব্যবসায় সংস্থার যোগসাজসের অকাট্য প্রমাণ তাঁর হাতে আছে
জেনারেল টাপিওকা, টাপিওকাপোলিস। ওহ্, জানেন ?···বেশ। লিখুন···ডাহা মিথ্যা। অভিযোগ প্রত্যাহারে আমরা তোমাকে বাধ্য করব। তুমি ফাঁসির দড়িতে ঝুলবে···শেষ।
দু'দিন বাদে···
ডেইলি রিপোর্টার
হ্যাডকের কাছে টাপিওকার আলোচনা-প্রস্তাব
আজ এক সাংবাদিক সম্মেলনে জেনারেল টাপিওকা ঘোষণা করেন যে, খোলাখুলি মতবিনিময়ের জন্য তিনি ক্যাপ্টেন হ্যাডক ও তাঁর সঙ্গীদের টাপিওকা-পোলিসে আমন্ত্রণ জানাচ্ছেন। দূতাবাসের মাধ্যমে প্রত্যেক অতিথির নিরাপত্তা সুনিশ্চিত করা হবে। জেনারেল বলেন, "আমার একমাত্র উদ্দেশ্য সত্য নিরূপণ।"
লোকটা আসলে খারাপ নয়···আমার তো ওর আমন্ত্রণ গ্রহণ করারই ইচ্ছে। তাতে আমাদের ওপর লোকের বিশ্বাসও বাড়বে।
অথবা বিয়াংকা কাস্তাফিওরের মতো আমরাও জেলে যাব। অজস্র ধন্যবাদ !
তোমার কেবলই সন্দেহ ! আমাদের নিরাপত্তার আশ্বাস দিয়েছে না ?
না, ক্যাপ্টেন, ওতে ভুলবার পাত্র আমি নই। হয়তো আশ্বাসটা একটা ফাঁদ !
ওহ্হ্হ !


দেখেছেন, আমাদের আমন্ত্রণ করেছে । যেতেই হবে, ক্যাপ্টেন ।
?
হ্যাঁ, আর আপনার বিয়াংকার মতো জেলে যাব !...ব্যাপারটা জলের মতো পরিষ্কার, বন্ধু !...নিরাপত্তার আশ্বাস একটা ফাঁদ !
শাবাশ ! ঠিক বলেছেন । যাই, জিনিসপত্র গোছাই !
পরদিন সকালে...
ডেইলি রিপোর্টার
আলোচনার নাটক
হ্যাডক ও তাঁর সঙ্গীরা কি টাপিওকার আমন্ত্রণে সাড়া দেবেন ?
পরের দিন...
ডেইলি রিপোর্টার
হ্যাডকের চাঞ্চল্যকর ঘোষণা :
না !
টাপিওকাপোলিসে যাব না
এবং তার পরের দিন...
ডেইলি রিপোর্টার
হ্যাডক পিছিয়ে গেলেন
তিনি সত্যকে ভয় পান : টাপিওকা
কী, আমি পিছিয়ে যাচ্ছি !... সত্যকে ভয় পাই ! তবে রে ব্যাটা স্বেচ্ছাচারী হুঁকোমুখো ! তোকে দেখিয়ে দিচ্ছি আমি কোন ধাতুতে তৈরি !
শান্ত হও, ক্যাপ্টেন !
শান্ত হব ! শান্ত হব !...আমি শান্তই আছি !
জাম্বুবানটার আস্পদ্দা দেখলে... ব্যাটাকে মজা দেখাচ্ছি !
হ্যালো,তার-অফিস ? হ্যাঁ, হ্যাঁ জেনারেল টাপিওকা । লিখুন...
নিরাপত্তার ব্যবস্থা করুন । অবিলম্বে পৌঁছচ্ছি...স্বাক্ষর... হ্যাডক...না, সাধারণ মাশুল !!
ব্যস ! দান হাতছাড়া ! ঢোলগোবিন্দ এবার বুঝবে কার পাল্লায় পড়েছে !... টিনটিন, আমরা যাচ্ছি !
আপনি যেতে পারেন, ক্যাপ্টেন... আমি এখান থেকে নড়ছি না !!
??



কী ? কী বললে ?
বললাম আমি যাচ্ছি না ! আপনি ফাঁদে পা বাড়াতে চান বাড়ান, কিন্তু আমি রাজি নই ! আমি যাচ্ছি না । কভি নেহি !
ওঃ ! তুমি আর তোমার সন্দেহ ! বাতিক হয়ে দাঁড়িয়েছে ! সংসারের সবাই কি বদমাস আর অপদার্থ ! কেন, জেনারেল টাপিওকা ভালমানুষ হতে পারেন না ? ...কেন ?...
হতে অবশ্যই পারেন, তবে...
...আমি মনে করি আমাদের ভুলিয়ে নিয়ে যাবার চেষ্টা হচ্ছে...কেন তা জানি না...কিন্তু মন বলছে ফাঁদ পাতা হচ্ছে ।
ওঃ, তাই !
বেশ, যেও না, শ্রীমান একগুঁয়েচন্দ্র ! হাত পা গুটিয়ে ঘরের মধ্যে আরামে আর নিরাপদে বসে থাকো ! আমি আর কাথবার্ট যাচ্ছি ওই গুণ্ডাদের গলাবাজি বন্ধ করতে, আমাদের সম্মান বাঁচাতে—তোমারও ! ব্যস ! চুকে গেল !
হুম্ !
তিন দিন পরে...
আমরা একটু পরেই টাপিওকাপোলিসে নামছি । অনুগ্রহ করে সবাই সিগারেট নিভিয়ে ফেলুন আর সিট-বেল্ট বেঁধে নিন...
আমরা এবার নামব, প্রোফেসর ।
কাম্বোডিয়া ? ...সত্যি ? কী আশ্চর্য...
টাপিওকা



এই দেখুন, আমরা টাপিওকাপোলিস পৌঁছচ্ছি এক উৎসবের মুখে, ঠিক...
গ্রীক ??
CAR NA VAL
দেশবিদেশের শিল্পীরা আসছে ! আরে, এই যে ! কলকাকলি ! আমাদের স্থানীয় দল !
পানীয় জল ? বাঃ !
CAR
SANTAERO
আহা ! ওই যে অভ্যর্থনা করতে এসেছে...
SANTAERO
SANTAERO
কমোডোর হ্যাডক ?
ইয়ে...শুধু ক্যাপ্টেন...
ERO
আহা, কী বিনয় ! আপনার মতো বীর আমাদের এখানে অ্যাডমিরাল হতেন...আমি মহামান্য জেনারেল টাপিওকার পার্শ্বচর কর্নেল আলভারেজ !
খুশি হলুম !
প্রোফেসর ক্যালকুলাস নিশ্চয় ? স্বাগত !
দুঃখিত, অফিসার । ব্যক্তির অলঙ্ঘনীয় অধিকার পদদলিত করে এমন কারও সঙ্গে আমি হাত মেলাই না !
ইয়ে...মানে...উনি ঠাট্টা করছেন ! প্রোফেসর এখনও ফ্লু-তে ভুগছেন... ফলে...মানে...বুঝতেই তো পারেন !
কেমন বলেছি !
নিশ্চয়, ক্যাপ্টেন...
আর ইনি অবশ্যই আমাদের সহৃদয় বন্ধু টিনটিন ?



সান থিওডোরাসে স্বাগত, তরুণ বন্ধু…
আপনি ভুল করছেন, কর্নেল !…
আমরা ঝরনাধারা শিল্পীদল… এখানে উৎসবে এসেছি ।
তাহলে… টিনটিন কোথায় ?
ইয়ে…হয়েছে কি…সে আসতে পারেনি… মানে, তারও ফ্লু, মারাত্মক ধরনের… ছোঁয়াচে রোগ তো…তাই আর কি… বুঝতেই পারছেন…
হ্যাঁ, হ্যাঁ, ভালভাবেই বুঝেছি…
আপনারা কি গাড়িতে উঠবেন না ?
ভোঁওওওওওওও
দুর্ভাগ্যবশত জেনারেলের সঙ্গে দু'তিন দিন দেখা হবে না । তিনি দেশের উত্তরখণ্ড পরিদর্শনে গেছেন । বলেছেন আপনারা যেন তাঁকে মাপ করেন…
ওই প্রশ্নটাই করতে যাচ্ছিলাম, অফিসার ।
কোন প্রশ্ন, প্রোফেসর ?
22-23-24 DE FEBRERO
এটা কি জবাব হল ? আমার প্রশ্ন : কাস্তাফিওর কোথায় ? আহা বেচারা নিশ্চয় একেবারে ভেঙে পড়েছে…
না প্রোফেসর, বরং উলটো । আপনি আশ্বস্ত থাকুন, মহিলা খুবই খোশমেজাজে আছেন ।
হেজাজে আছেন ? উনি হেজাজে গেছেন ? আমার সঙ্গে ঠাট্টা হচ্ছে ? অ্যাঁ ?
না, প্রোফেসর, উনি এখানে, এই সান থিওডোরাসেই আনন্দে আছেন…
…আর কখনও আমার পাস্তা বেশি সিদ্ধ করবে না !


আহ্ ! এটা নিশ্চয় আমাদের হোটেল ?
HOTEL RIO
না, কমোডোর, আমরা ভেবেছি আপনারা নিশ্চয় শহরের হট্টগোলের চেয়ে প্রকৃতির শান্ত পরিবেশ পছন্দ করবেন। তা ছাড়া, উৎসব শুরু হচ্ছে, এখানে দিনরাত হুল্লোড় চলবে, ঘুমোতেই পারবেন না।
জানেন, আমাদের দেশের একটা দলও এই উৎসবে যোগ দিচ্ছে ?
হ্যাঁ, কাগজে দেখেছি… কলকাকলি।
বার্ষিক উৎসব
২২-২৩-২৪ ফেব্রুয়ারি
আধ ঘণ্টা পরে…
পৌঁছে গেছি…
আমাদের পাহারার ব্যবস্থা ভালই দেখছি…
সাধারণ সতর্কতা…আর হ্যাঁ, সুইমিং-পুল ওপাশে…
আর টিনটিন কিনা সন্দেহ করছিল !
এই আপনাদের ঘর, কমোডোর। আশা করি পছন্দ হবে…
নিশ্চয়…
আপনারা যতদিন থাকবেন আপনাদের সেবায় অবশ্যই একজন পরিচারক থাকবে…
অসীম অনুগ্রহ, কর্নেল।
এই যে, সে এসে গেছে !
?


এর মধ্যেই আপনার অনুগত হয়ে পড়েছে ; তাই না, মানোলো ?
বেশ, বেশ, মানোলো !···
মমম্ !
দেখেই মনে হয় ব্যাটা গুণ্ডা !
আমি এখন যাচ্ছি। কাল সকাল দশটায় এসে আপনাদের শহর আর তার আশপাশের অঞ্চল ঘুরিয়ে আনব। শুভরাত্রি !
শুভরাত্রি, কর্নেল···
চলি, মানোলো। তোমার কর্তব্য মনে রেখো !
দেখুন, দেখুন, কী অভ্যর্থনা ! মুখ গোমড়া কেন ? সব ঠিক হয়ে যাবে। আপনার বিয়াংকা হয়তো কালই ছাড়া পাবে, আমরাও প্রাণ ভরে হাসব।
ভোরে চান ?··· চমৎকার। আমিও করব।
এরা সবাই সজ্জন ! আর কর্নেল আলভারেজ··· এমন সদাশয় ! কেমন মার্জিত ব্যবহার !···
স্বরাষ্ট্র মন্ত্রকে চলো···
এক্ষুনি, কর্নেল !
এবং কয়েক মিনিট পরে···
নমস্কার, কর্নেল। কর্নেল আছেন ?
কর্নেল এস্পোঞ্জা আপনার অপেক্ষায় আছেন, কর্নেল !
কাজ হাসিল, কর্নেল। সব ঠিক আছে, সব লাইন চালু···তবে···
এক মিনিট, কর্নেল। সব ঠিকঠাক কাজ করছে কি না দেখে নিই।
হ্যাঁ, কর্নেল। কিন্তু আগে আপনাকে জানাতে চাই···
হ্যাঁ, হ্যাঁ, এক মিনিট, কর্নেল···
আহ্ ! ও এক্ষুনি পানীয় ভাণ্ডারের খোঁজ পেল !




আহা-হা, লক লোমণ্ড ! না, এদের রুচি আছে স্বীকার করতেই হবে !
ওঁক্
থুউউউ !
সে কী ? পছন্দ হয়নি দেখছি···অথচ ওরা আমাকে জানিয়েছিল এটাই ওর প্রিয় পানীয় ।
অবিশ্বাস্য ! আবারও সেই কাণ্ড ! ব্যাপার কী ? আর হুইস্কি খেতে পারছি না কেন ?
আচ্ছা, অন্য কিছু দেখা যাক···দেখি জিন···
থুউউউ !
এটাও পছন্দ নয় ? ওর কপালই খারাপ ! দেখি দ্বিতীয় চ্যানেলে···
কর্নেল,আমার কথাটা শুনুন···
এই যে, উনি ! আমাদের হয়ে কাজ করতে রাজি হলেন না···দুঃখের কথা···কে জানে পরে হয়তো মতের বদল হতে পারে···
বেশ, এবার তিন নম্বর চ্যানেল···
কর্নেল, বলছিলাম কি···
কী বলছিলেন ?
বলছিলাম যে তিন নম্বর আসেনি ।
আসেনি ?···মানে ? কেন ? কোথায় সে ?
সে ইউরোপ ছেড়ে রওনাই হয়নি । এক নম্বর বলছে তার নাকি ফ্লু···
আর কথাটা এতক্ষণে বলছেন ?··· বলি ভেবেছেন কী আপনারা ?
ইনফ্লুয়েঞ্জা না ছাই ! তার সন্দেহ হয়েছে ! কিন্তু তার আসা একান্ত জরুরি ! ···আর সে আসবেই··· তাকে আমি চিনি !


ভেবে দেখি । ইতিমধ্যে বাকি সবাইকে ঠেকিয়ে রাখুন ....বলুন সবারই ফ্লু.... কাস্তাফিওরের গলা বসে গেছে...যা ইচ্ছে বলুন...শুধু ঠেকিয়ে রাখুন....
তাই হবে, কর্নেল ।
ইতিমধ্যে...
আঃ, কী সুন্দর বিকেল ! বাইরে চমৎকার লাগবে...
ব্যাপার কী ? মরচে ধরে গেছে ?
হতচ্ছাড়া একগুঁয়ে দরজা... খোল বলছি...
মড়াৎ
যত্তো সব নোংরা গেঁড়ি-গুগলির ঝাঁক ! সবই কি আমার কপালে জুটবে ?
ব্যাপার কী ?
ব্যাপার ?...ব্যাপার এই যে আমি এই হতচ্ছাড়া জানলাটা খুলতে গিয়েছিলাম ! আর দয়া করে ওটা সরাও তো ! বন্দুক-ফন্দুককে বিশ্বাস নেই, গুলি ছোটে !
খুললে এয়ার-কণ্ডিশনিং নষ্ট হয়ে যাবে, স্যার...
তা হোক, আমি বদ্ধ হাওয়া পছন্দ করি না । দয়া করে জানলাটা খুলে দাও !
জানলা খোলা যায় না, স্যার... শুভরাত্রি, স্যার ।
ফটাস
ধন্যবাদ, বন্ধু....সত্যিই তুমি যথেষ্ট চেষ্টা করেছ !


জানলা দিয়ে পিস্তল বাইরে ফেলা শেষ হয়েছে ?
?
এটা কি আপনার, অ্যাঁ ?
হ্যাঁ, আমার !...মাপ করবেন... হঠাৎ ছোট্ট একটা দুর্ঘটনা...
ইয়ে...আমি ঝাড় দিয়ে...
হ্যাঁ, তাই করো...
একটু পাইপ টানা যাক...
কিছুটা তামাক তো...
...কোথায় যেন ছিল...
জ্যাকেটের পকেটেও নেই... এ যে বজ্রপাত !
তবে বোধ হয় প্লেনেই ফেলে এসেছি... যাচ্চলে !
যাক গে, আর-খানিকটা কিনে নেব...
কোথায় যাচ্ছেন, স্যার !
আমি ?
তামাক ফুরিয়ে গেছে... কিনতে যাচ্ছি ।
কাল কিনবেন, স্যার ।
কাল কিনবেন । আজ অনেক রাত হয়েছে ।
অনেক রাত ?... মোটে তো আটটা !
যাবেন না, স্যার ! ঘরে ফিরে যান !
?



জানো,আমি জেনারেল টাপিওকার অতিথি ? আমাকে বাইরে যেতে বাধা দেবার স্পর্ধা !···
যাবেন না, স্যার ।
অনেক রাত হয়েছে····কাল যাবেন !
কেন যাব না শুনি ? আমার কি রাত্রে বাইরে যাবার বয়েস হয়নি ?
তা নয়, স্যার । কিন্তু····ইয়ে··· এদিকে মাঝে মাঝে পিকারোরা হানা দেয় কিনা····মস্ত ঝুঁকি, স্যার··· মানে, আপনার ভালর জন্যেই···
কাল····হুজুর । কাল আমরাই আপনার তামাক এনে দেব !
কিছুতেই না ! আমার তামাক আমিই কিনব !
আপনার যেমন ইচ্ছে, স্যার····শুভরাত্রি, স্যার···
শুভরাত্রি !
দড়াম্
টিনটিন ছোঁড়া ঠিকই বলেছিল, নির্ঘাত ঠিক····খাঁচাটা সোনার হতে পারে····
···কিন্তু আমরা এখানে সত্যিই বন্দী !
এই যে, ক্যাপ্টেন···
ঝপ্
এই ছেলেমানুষিগুলো কবে বন্ধ করবেন ?


পরদিন সকালে···
খট্ খট্ খট্
···উম্‌ম্···ভেতরে···এসো
সুপ্রভাত, স্যার···আপনার তামাক, স্যার···
আমার তামাক ? কিসের তামাক ?···
কাল রাত্তিরে যে-তামাক আনতে বলেছিলেন,স্যার !
যত্তোসব ঝঞ্ঝাবাত ! বলেছিলাম আমি নিজে কিনব···নিজে ! বুঝেছ ?
তাহলে স্যার আমি গিয়ে রক্ষীর ব্যবস্থা করছি···
কিসের রক্ষী ? তামাক কিনতে রক্ষী ?
হ্যাঁ, স্যার, রক্ষী নিতেই হবে···নইলে হবে না··· সন্ত্রাসবাসী পিকারোরা হানা দেয় তো···
ভোঁওওওওওওও
CAFETERIA
ALFAJORES
MINUTAS
TABACOS
HABANA
FLOR DE MATO
RES



এক ঘণ্টা পরে…
যাক,ফিরে এসেছেন। জানেন,টিনটিন…
টিনটিন ? ও না-এসে বুদ্ধিমানের কাজ করেছে !
ও ঠিকই বলেছিল : আমরা বন্দী, পুরোপুরি !
এরা খুবই অতিথি-পরায়ণ। টিনটিনকে তাই বলছিলাম…
…এবং সে আমার সঙ্গে সম্পূর্ণ একমত !
কে একমত ??? আর কোন বিষয়ে ???
ঠিক তাই, আর কথাটা সে নিজের মুখেই বলবে !
!?
বলবে না, টিনটিন ?
সুপ্রভাত, ক্যাপ্টেন !
টিনটিন, তুমি কোত্থেকে ?
সোজা মার্লিনস্পাইক থেকে… আমায় দেখে খুশি হওনি মনে হচ্ছে !
বোকার মতো এখানে আসতে গেলে কেন ?
বলা যাক তোমার জন্যে মন কেমন করছিল…
…আর প্রোফেসরের জন্যেও বটে।
পিঠে ? ঘোড়ার ? না, আমরা গাড়িতে এসেছি।
আপনাদের সঙ্গে না-আসার জন্যে নিজেকে বড় অপরাধী মনে হচ্ছিল। মনে হচ্ছিল বন্ধুরা বন্দী, উদ্ধারের চেষ্টা করতে হবে… অতএব সোজা প্লেনে চেপে…খুব সহজ…
এবং এটা স্রেফ পাগলামি !
কারণ তোমার কথাই ঠিক ! জানো…
শ্‌শ্‌শ্‌ !
বাহ্‌ ! এটা আমার বড় প্রিয় রেকর্ড ! চালাতে পারি, ক্যাপ্টেন ?
এই যে ! আমি অপরূপা
বদ্ধ উন্মাদ হয়ে গেলে নাকি ?
?



আসুন, একটা জিনিস দেখাই ।
কী ?
ওই দেখুন !
মাইক্রোফোন ! ডাকাত ব্যাটারা !
আরও একটা আছে ! সব কথা ওরা শুনতে পায়, ক্যাপ্টেন !
আর নিশ্চয়ই সর্বত্র ক্যামেরা লুকিয়ে রেখেছে···আমি বাজি রেখে বলতে পারি···
যেমন, এই দু'মুখো আয়নার পিছনে···
ছেলেটা তো ভারি চালাক !
চালাক ! মাথা খাটায় । কিন্তু তবু বন্ধুদের পিছনে পিছনে আমার ফাঁদে এসে ঢুকতে তা বাধা হয়নি, ঠিক যেমনটি ভেবেছিলাম···
ফাঁদ, কর্নেল ?
ফাঁদ বৈ কি ! এখানে প্রযুক্তি-উপদেষ্টা হয়ে আসার আগে আমি জোহোদে পুলিশ-অধ্যক্ষ ছিলুম, আর তখন এই তিন ঘুঘুতে···
···মিলে আমাকে যা হেনস্থা করেছিল !
আপনাকে হেনস্থা ? কী বলছেন, কর্নেল ?
হ্যাঁ, আমাকে···
···আমি সে-কথা ভুলিনি···ভাগ্য এখন আমাকে সুযোগ এনে দিয়েছে··· যেই শুনলাম বিয়াংকা কাস্তাফিওর দক্ষিণ আমেরিকায় আসছেন,তখনই বুঝলাম···
···এটাই আমার মওকা । কিছু জাল কাগজপত্র ওঁর ব্যাগে ঢুকিয়ে দিয়ে ওঁকে গ্রেপ্তার করেই জেনারেল টাপিওকার বিরুদ্ধে সম্পূর্ণ সাজানো এক ষড়যন্ত্রের···
···গপ্পো ফাঁদলাম । ব্যস···আর তার সঙ্গে একটু আন্তর্জাতিক রঙ চড়িয়ে দিলাম···কেমন চালটা চেলেছি, অ্যাঁ ?




তিন দিন কেটে গেছে···
কিন্তু ওই হতচ্ছাড়া টাপিওকার সঙ্গে কবে দেখা হবে ? ওই জন্যেই তো আমরা এখানে এসেছি !
তার বদলে তিন দিন ধরে ব্যাটারা আমাদের শুধু এখানে-ওখানে ঘুরিয়ে মারছে—জাদুঘর, মহান ত্রাতা জেনারেল অলিভারোর জন্মস্থান···
ফট্
···চিড়িয়াখানা, গির্জা···কাল আবার কোন অত্যাশ্চর্য বস্তু দেখাতে নিয়ে যাবে কে জানে ?
মেলার জন্যে কাগজের ফুল তৈরি করা দেখাতে ? না টুপির কারখানা···
ওয়াক্ !
গেঁড়ি-গুগলির ঝাঁক ! আমার কী হল ? সুরা এমন হলাহল হল কেন ?
খট্
খট্
খট্
চলে এসো
হি ! হি !
খট্
খট্
খট্
হ্যাঁ, হ্যাঁ ! এসো !
শুভসন্ধ্যা, স্যার···
আরে, এটা তো মানোলোর গলা নয় !
সন্ধ্যার খবরের কাগজ, স্যার
পাবলো !?!
আরে !! কী আশ্চর্য ! আমি ভাবতেই পারিনি···
শ্‌শ্‌শ্ !


শুভসন্ধ্যা, স্যার। আমার নাম পাবলো। মানোলো এক দুর্ঘটনায় চোট পেয়েছে বলে আমাকে পাঠিয়েছে...
তাই ?
মারাত্মক নয়, শুধু মচকেছে।
আচ্ছা ?...
...ও দু'এক দিনের মধ্যেই ফিরে আসবে।
ঠিক আছে।
একদম সময় নষ্ট করবেন না! আপনাদের জীবন বিপন্ন!
আমাদের জীবন ?
বিপন্ন ?
হ্যাঁ, একদল নকল পিকারো পরশু এই বাড়িটার ওপর হামলা চালাবে। সেই হামলায় দৈবক্রমে আপনারা তিনজনই মারা পড়বেন!
?
কী বললে ?
সরকারি ভাষ্য : পিকারোরা আপনাদের অপহরণ করতে চেয়েছিল!
কিন্তু এত কথা বলছ কেন ? কে আমাদের মারতে চায় ?
এদেশের নিরাপত্তাবাহিনীর অধ্যক্ষ কে তা জানেন ?... জানেন না ? ...কর্নেল এস্পোঞ্জা... যার আসল নাম স্পঞ্জ।
স্পঞ্জ !!!
...জোহোদে যে পুলিশের অধ্যক্ষ ছিল ?
হ্যাঁ, সে-ই। এখানকার পুলিশকে ঢেলে সাজাতে জেনারেল টাপিওকা তাকে "ধার" নিয়েছেন...আর কাস্তাফিওরের আসার কথা শুনেই সে আপনাদের তিনজনকে খুন করার এক মতলব ফেঁদেছে...
ভাগ্যিস পিকারো-নেতা জেনারেল আলকাজার ও তাঁর বাহিনীর চোখকান সর্বত্র আর সর্বদা সজাগ! কী করতে হবে শুনুন : এক প্রাচীন পিরামিড দেখাতে জেনারেল আলভারেজ কাল আপনাদের এক জায়গায় নিয়ে যাবেন...
আপনারা আমার সঙ্গে উপরে উঠবেন। প্রহরীরা নীচটা ঘিরে রাখবে। একদল পিকারো—এরা আসল পিকারো—উত্তর দিক থেকে গুলি চালাবে...
হা! হা! হা! সাফল্য! সাফল্য!
সেই সুযোগে আপনারা দক্ষিণ দিক দিয়ে নেমে যাবেন, অবশ্য তার আগে আমার বন্দুক কেড়ে নিয়ে আর আমাকে বেঁধে রেখে। দুশো মিটার দূরে আলকাজারের ট্রাক আপনাদের অপেক্ষায় থাকবে...
ধন্যবাদ, পাবলো! আমার প্রাণ বাঁচানো তোমার অভ্যাসে দাঁড়িয়ে যাচ্ছে। এই দ্বিতীয় বার!




পরদিন সকালে···
আর বেশি দূর নয়। জঙ্গলের কাছে এসে গেছি। পনেরো মিনিটে পৌঁছে যাব।
আপনার তরুণ বন্ধুকে চিন্তামগ্ন মনে হচ্ছে···
আপনিও লক্ষ করেছেন ?
জেনারেল টাপিওকার নীরবতায় উনি বিচলিত।
হ্যাঁ, বলতে ভুলে গিয়েছিলুম, জেনারেল কাল সকালে আপনাদের সঙ্গে দেখা করবেন···ওই যে পিরামিড !
দারুণ, না ?
ST 124
অসাধারণ !···বিস্ময়কর··· আমরা উপরে যেতে পারি ?
নিশ্চয়। কিন্তু মাপ করবেন, আমি যেতে পারব না···
আপনি নিশ্চয়ই আগে অনেক বার গিয়েছেন ?
প্রায়ই। তবে পাবলো আপনাদের সঙ্গে যাবে।
এঁরা তোমার জিম্মায়, পাবলো।
ঠিক আছে, কর্নেল।
সাবধান ! খুব খাড়া। অনেকের মাথা ঘোরে।
আপনি বড়ই বিবেচক, কর্নেল।
আসুন, প্রোফেসর।
না, ধন্যবাদ, ক্যাপ্টেন। আমি বরং এখানেই থাকি। আমার মাথা ঘোরে···
না, না, চলুন। ওপর থেকে দৃশ্যটা অপূর্ব !
ঠিক বলেছেন, আমাকে ছাড়াই যান।
কথা শুনুন, চলে আসুন !···
কী আপদ ! বলছি ইচ্ছে নেই !


বলছি আমার ইচ্ছে নেই...
এখন শুধু পিকারোদের অপেক্ষা। এই যে দড়িটা, আমাকে এটা দিয়ে বাঁধবেন।
আপনার ব্যবহার অত্যন্ত নিন্দনীয়, ক্যাপ্টেন !
বলতে গেলে সমর্থনের অযোগ্য !
হেইও ! মেরে দিয়েছি !
আর এই আমার পিস্তল...
ধন্যবাদ, পাবলো !
গুড়ুম
গুড়ুম
গুড়ুম
গুড়ুম
গুড়ুম
ওই যে ওরা ! পিকারোরা ! জলদি, আমাকে বেঁধে ফেলুন !
বিদায়, পাবলো ! তোমার উপকার কখনো ভুলব না !
স্‌স্‌স্‌... স্‌স্‌স্‌ !
গুড়ুম
গুড়ুম
গুড়ুম
গুড়ুম
উঃ, আমার মাথা ঘুরছে !
গুড়ুম
গুড়ুম
গুড়ুম
গুড়ুম
গুড়ুম
গুড়ুম
গুড়ুম
গুড়ুম
গুড়ুম
ওই যে ট্রাক !...বাঁচা গেল !
গুড়ুম
গুড়ুম
গুড়ুম
ড্রাইভারের পাশে, জলদি !
উঠে পড়ুন, বন্ধুগণ !
জেনারেল আলকাজার !!
ঘুঘু তাহলে ফাঁদে ঢুকেছে ! শাবাশ, পাবলো !
সহজেই হয়ে গেল, কর্নেল !



শোনো চিতা, নেকড়ে বলছি !··· শোনো চিতা, নেকড়ে বলছি !··· শুনতে পাচ্ছ ?? এবার বলো···
নেকড়ে শোনো, চিতা বলছি ! নেকড়ে শোনো, চিতা বলছি !···স্পষ্ট শুনতে পাচ্ছি···
ট্রাক রওনা হয়েছে··· সাত-আট মিনিটে পৌঁছে যাবে···নিশানা যেন ঠিক থাকে !
গলির মধ্যে তিন গজ দূরের হাতি শিকারে নিশানা ভুল হয়, কর্নেল ? নিশ্চিন্ত থাকুন !
জেনারেল আলকাজার অত্যন্ত বন্ধুবৎসল !
তোমাদের কাছ থেকে খবর পাবার সঙ্গে সঙ্গেই আমি রওনা হবার সিদ্ধান্ত নিলাম···
?
আমাদের কাছ থেকে খবর ?··· ঠিক বুঝতে পারছি না !
নিশ্চয় ! পাবলো নিয়ে এসেছিল··· কী হল ? অমন অবাক হচ্ছেন কেন ?
অবাক হব না ? আমরা যে কোনও খবরই পাঠাইনি···বরং পাবলোই আপনার হয়ে আমাদের বলেছে যে, আমাদের জীবন বিপন্ন আর আপনি আমাদের বাঁচাবেন !
আমি বিশ্বাসঘাতকতার আঁচ পাচ্ছি, জেনারেল !
বিশ্বাসঘাতকতা ?···অসম্ভব ! পাবলো একান্ত বিশ্বস্ত !
কিন্তু পাবলো মিথ্যা কথা বলেছে··· আমাদের দু'জনের কাছেই, কেন ?
তা কী করে জানব ?
চিন্তার কথা, জেনারেল···মনে হয় আমাদের জন্যে কেউ ফাঁদ পাতছে···
জেনারেল, থামুন ! ভেবে দেখতে হবে···
উপায় নেই ! অনেকটা পথ যেতে হবে··· ভয়ের কিছু নেই !
নেকড়ে শোনো, চিতা বলছি ! ট্রাকটা এবার দেখতে পাচ্ছি···


হুঁশিয়ার, রাস্তার ওপর কী যেন দেখা যাচ্ছে...
ওখানে দূরবীন আছে...দ্যাখো...
একটা বাঁদর...কী দেখে যেন ভয় পেয়ে থমকে গেছে...
...এবার পিছন ফিরে দৌড়চ্ছে ! আর এগোবেন না, জেনারেল !
এগোব না ?...পাগল হয়েছ ?...কেন ?
বলছি, থামুন !
দাগো !
গুড়ুম
জলদি পালান ! পরের লক্ষ্য আমরা !
আবার গুলি ভরো ! জলদি ! যত্তোসব আনাড়ি ভূত ! এবার যেন না ফসকায় !
দাগো !
গুড়ুম
গুড়ুম
চিতা বলছি নেকড়েকে : কেল্লা ফতে !


সরাসরি লেগেছে ?...শাবাশ ক্যাপ্টেন ! সব কটা মরেছে ?
দেখতে লোক পাঠিয়েছি, কর্নেল !
কর্নেল তোমার ওপর খুশি হবেন, পাবলো !
চিতা বলছি নেকড়েকে... চিতা বলছি নেকড়েকে...
হ্যাঁ, শুনছি...কী ?...ট্রাক খালি ? মানে ?! বাঁদরটার জন্যে ? ...কিসের বাঁদর ??? খুলে বলো, বুদ্ধু কঁহীকা !!!
না, পিছু নেবার সাহস হবে না । জানে যে আমরা এক্ষুনি আরামবারা অঞ্চলে ঢুকে পড়ব । সেখানে ঢোকার সাহস ওদের নেই !
হামলার ভান করে যারা আমাদের পালাতে সাহায্য করেছে আমার সেই গেরিলার দলটা অন্য পথে এসে পড়বে...আর ওই ছুঁচো পাবলোকে মজা দেখাব !
নোংরা ইঁদুর ! ব্যাটাকে জ্যান্ত লাল পিঁপড়ে দিয়ে খাওয়াব !
স্বীকার করছি, ওকে কখনও সন্দেহ করিনি...
সুন্দর জায়গা, তাই না, ক্যাপ্টেন ?
কী কথাই বললেন ! ভাবছি এখন যদি মার্লিনস্পাইকের বাড়িতে বসে আরামে ঠাণ্ডা পানীয় খেতে পারতাম !
কিন্তু, বলুন তো ক্যাপ্টেন, আমাকে জোর করে ওই পিরামিডের মাথায় তুলেছিলেন কেন ? আর কেনই বা আবার উলটো দিক দিয়ে ঠেলে সোজা নীচে নামিয়ে আনলেন ? ব্যবহারটা অদ্ভুত নয় কি ?
মমম্...
আমি আপনার ওপর রাগ করিনি, কারণ দৃশ্যটা সত্যিই সুন্দর ছিল !
ওই যে ! মাটিতে গড়াচ্ছে...স্বপ্ন দেখছি না তো ?



"লক লোমণ্ড" ?
এখানে, এই জঙ্গলে ? অবিশ্বাস্য !
দাঁড়ান ! ওটা খাবেন না !
!
একটু চাখতে যাচ্ছিলাম···
সবাই তাই বলে··· শেষে বোতল ফাঁক !
দূর হ !
ওহ্ !
ভৌ !
তারপরে মাথার যন্ত্রণা !
মাথার যন্ত্রণা । "লক লোমণ্ডে" ?··· কক্ষনও না !
হুম
ওখানে···
বিশ্বাস হচ্ছে না !
?
ভৌ !
দ্যাখো একটা প্যারাশ্যুট !
মস্তান টাপিওকার আর একটা চাল !···প্যারাশ্যুটে করে পানীয় নামিয়ে দিয়ে হতভাগাটা আরামবায়াদের আর আমার গেরিলাদের অকর্মণ্য করে দিতে চায়···ফল দেখতেই পাচ্ছ : বাঁদরগুলিও বোতলের পেছনে ছুটছে !
সামনেই হিমশৈল !
?
!


পিছনে ঘোরাও !
মাথায় চোটের ফল !
শোনো ক্যাপ্টেন···
কে ক্যাপ্টেন, তুমি না আমি ?
অবশ্যই তুমি, ক্যাপ্টেন হ্যাডক···
হাস্যকর পদবি ! নামটা কী ?
আর্চিবল্ড, তাই না ?
আরও খারাপ ! তোমার নাম ?
আমার নাম টিনটিন ।
উদ্ভট !
তার উপরে আবার জাহাজটা নেই···হয়তো উড়ে গেছে ।
জাহাজ ওড়ে না, ক্যাপ্টেন !
ওড়ে না ? তুমি জানো না···আমারটা ওড়ে ! ওটা উড়োজাহাজ, বুঝলে ?
চলুন ! সন্ধ্যার আগে আরামবায়া গ্রামে পৌঁছতে হবে।
ওখানেই রাত কাটাব । চুরুট চলবে, বন্ধু ?
না, ধন্যবাদ ।
আবার ভোরে রওনা হব।
···আগেই বলেছি আমি আপনাকে দোষ দিচ্ছি না । পিরামিডের চূড়ো থেকে দৃশ্যটা সত্যিই অপূর্ব ছিল, কিন্তু···
নেপোলিয়ন যেমন বলেছিলেন,"মনে রেখো সেনারা, ভবিষ্যৎ তোমাদের ঘৃণা করবে ।"
না, না, আরামবায়ারা আমাদের খুব বন্ধু । গোড়ার দিকে অনেক ঝামেলা করত, কিন্তু এখন আর কোনও ভয় নেই···
ফুক্
ফুক্
ফুক্
ঠক্



রিজওয়েল !!…তোমার ভাঁড়ামির কি শেষ নেই ?…বেরিয়ে এসো !
?
এই যে জেনারেল !…এই যে টিনটিন !… আবার দেখা হল ! বড় খুশি হলাম !
ফিরে এসে খুশি, ডক্টর রিজওয়েল। আরামবায়ারা ভাল আছে ? গল্‌ফ খেলা শিখেছে ?
হায়রে গল্‌ফ !…কিন্তু অন্য দিকে অনেক উন্নতি হয়েছে…যেমন মাতলামিতে…জেনারেল টাপিওকার অনুগ্রহে !
আমায় ছেড়ে দাও !…
টিনটিন !!!…
বাঁচাও !!!…
টিনটিন, বাঁচাও !…চোর তাড়াও…পুলিশ…মরেছি !
হা ! হা ! হা !
এটা কী, দাদু ?
হা ! হা ! হা !
ঢের হয়েছে !…ভাগো !
দেখলে ? টাপিওকাকে অনেক জবাবদিহি করতে হবে… এবার চলো। গ্রাম এখনও বেশ খানিকটা দূরে !
মাতালের দল !…সভ্যতা “অসভ্যদের” এই হাল করেছে !
সেদিন সন্ধ্যায়…
ওই যে আরাম-বায়াদের গ্রাম !
ওই দেখুন ক্যাপ্টেন, ওরা কী যেন একটা রান্না করছে…
হি ! হি !


ওহ্‌হ্‌ !!!
?
?
?
?
আরামবায়া-সর্দার আভাকুফি আমাদের খেতে বলেছে…তাঁর কুঁড়েতে রাত কাটাতে বলেছে।
আমাদের হয়ে ওঁকে ধন্যবাদ জানান। নিমন্ত্রণ সানন্দে গ্রহণ করছি। তাই না, ক্যাপ্টেন ?
জাহাজ পিছনে ছোটাও !
তাই না, প্রোফেসর ?
উনি গেলেন কোথায় ?…
যাক, ওই যে উনি… পেছনেই আসছেন…
সেদিন সন্ধ্যায়…
ভাল না-লাগলেও ভাল লাগার ভান করো। ওদের খুশি রাখা খুবই দরকার…
নিশ্চিন্ত থাকুন…
ভাল করে খাবেন, প্রোফেসর !
কিছুতেই না। বরং নতুন কোনও খাবার আমার খুবই পছন্দ !


আউজ গ্রুবাই ?
জিজ্ঞেস করছে খেতে কেমন লাগছে ।
ওঃ, দারুণ !
তাই না, প্রোফেসর ?
ঘ্‌ঘ্‌ঘ্‌ !
উজফা সেক আগুস্ ?
বলছে আরও নাও । ঠিকই বলছে : আজকের 'আটনোশ'টা সত্যিই খুব চমৎকার হয়েছে ।
ত্‌তাই বটে !
আভান ! ইপ্ ?
এবার স্বাস্থ্যকামনার জন্যে পান । এক চুমুকে সবটা খেয়ে ফেলাই প্রথা ···
নিশ্চয়, নিশ্চয় !
আপনার সুস্বাস্থ্য কামনা করি, সর্দার আভাকুকি !
দেখাই যাক, চেষ্টা তো করি···
?
!
ওয়াক্
বোকা ছেলে ! আত্মহত্যা করতে চাও ?
আমি···আমি অত্যন্ত দুঃখিত··· গিলতে পারলাম না···জঘন্য !
জঘন্য ??? বিদেশে বিদেশের রীতিনীতিকে সম্মান জানাতে হয় ! নয়তো ঘরেই থেকো !
অত্যন্ত দুঃখিত, কিন্তু সত্যিই পারলাম না···কী জঘন্য !
ওয়াক্ !
গো ব্লিমে ! ওয়া সাম্মা তা, লিলিভা ? এশোহিয়া !
সাম ইন্‌কসাপ উইভিট !
ঢক
ঢক
ঢক
সে কী ! এই প্রথম ওষুধে কাজ হল না !
!
?



ওয়ায়া ওয়ায়া !
হি ! হি !
ওয়া  য়ায়ায়াহ্ !
"...মনে হচ্ছে এও আপাতত হুইস্কি ছেড়ে দিল..."
পরদিন সকালে...
ক্যাপ্টেন বেচারা এখনও সুস্থ হয়নি...
এদিকে...
...আজ সকাল থেকে আমাদের হেলিকপটারগুলো আবার খোঁজ শুরু করেছে। কিন্তু কাজটা কঠিন। গোটা অঞ্চলেই গভীর বন, লুকোতে সুবিধে। কিন্তু যদি...
রাখো তোমার 'কিন্তু' আর 'যদি' ! ওদের খুঁজে বের করতেই হবে...খতম করতে হবে ! বোমা, রকেট, বন্দুক যা দিয়ে পারো ! উৎসবের আগেই কাজ হাসিল করা চাই !
হেলিকপটার !...কিন্তু গাছের আড়ালে থাকলে কোনও ভয় নেই।
ক্যাপ্টেন, থামো !
ক্যাপ্টেন, থামো ! লুকিয়ে পড়ো !
এই বেলা তিনটেয় এখানে লোক !


র্ র্ র্ র্ র্
ক্যাপ্টেন ! থামো !
ঝপাং
আশ্চর্য তো…এখন কাউকে দেখতে পাচ্ছি না ! অথচ ঠিক দেখেছিলাম…
আচ্ছা, চিন্তা নেই…ঘুরে এসে আবার দেখছি…
কই, কোথায় তোমার লোক ?
ফ র্ র্ র্ র্ র্ র্ র্ র্ র্ র্ র্ র্ র্ র্ র্ র্
গব্
গব্
দেখলে তো…কেউ আছে ?
জলদি !…তুলে আনতে হবে !
তবু, হলফ করে বলতে পারি কাউকে ওখানে হেঁটে বেড়াতে দেখেছি ।
বেশ, আবার দেখা যাক…
এই রে ! আবার আসছে !
দুঃখিত, ক্যাপ্টেন !
গব্
?
ফ র্ র্ র্ র্ র্ র্ র্ র্ র্ র্
গব্
গব্
হয়েছে ? এবার বিশ্বাস হয়েছে ?
মমমম…
উফ !…বেঁচে গেছি !
হয়তো কুমির-টুমির কিছু দেখে থাকবে…


সাবধান ! পিছনে কুমির !
অ্যাঁ…কী ?…
কী বললেন ?
কপালজোরে বেঁচে গেছেন ! ওই ময়ালটাই বাঁচিয়েছে !
এই যে, হুঁশ ফিরে আসছে !
কী বন্ধু ?…কিছুটা সুস্থ ?
শুনুন, হুইস্কির বোতলটা কোথায় ?
আমার বোতল ফিরিয়ে দিন বলছি !
বাহবা, রোগ
সেরে গেছে !
শান্ত হোন, ক্যাপ্টেন ! ইতিমধ্যে
কী ঘটেছে শুনুন…
অসহ্য ! আমি…



ইইইক !
?
ও কিছু না, ক্যাপ্টেন···ছোট্ট একটা বান মাছ আপনার জামার মধ্যে ঢুকে গিয়েছিল···
ইইক !
ভৌ !
ভৌ !
ভৌ !
আরে, এটা তো···
একটা জিমনোটাস···এক রকমের বৈদ্যুতিক বান মাছ···
আপনার সৌভাগ্য যে এটা এইটুকুন । বড়গুলো মিটার-দুই লম্বা হয় আর তার একটা শকেই একটা ঘোড়া পর্যন্ত ঘায়েল হয়ে যায় !
হ্যাঁ, আমার সৌভাগ্য যে আমি ঘোড়া নই !
একে জলে ছেড়ে দিই···
যা !
চলুন, যাওয়া যাক । এখান থেকে ছাউনি অনেকটা দূর এবং দিনের আলো থাকতে থাকতেই সেখানে পৌঁছে যাওয়া ভাল···
সেদিন সন্ধ্যায়···
প্রায় এসে গিয়েছি···আর সিকি মাইল গেলেই আমার পিকারোবাহিনী ।
পিকারোরা সংখ্যায় কত ?
ওহ্, অন্তত তিরিশ···
তিরিশজন লোক নিয়ে আপনি ক্ষমতা দখল করতে চান ? আপনার বুকের পাটা আছে বটে, জেনারেল ।
নিশ্চয়ই ! কেন হবে না ? কিন্তু কাজটা করতে হবে উৎসবের সময়ে । ওই তিন দিন সুরার বন্যা বয়ে যায়···সৈন্যরাও সব বেহুশ হয়ে থাকে···তাই কাজ হাসিল করতে হলে ওই সময়েই আক্রমণ করতে হবে ।
গুড়ুম
গুড়ুম
র‍্যা টা ট্যা ট্যা ট র‍্যা টা ট্যাট
!


গুড়ুম
গুড়ুম
গুড়ুম
গুড়ুম
গুড়ুম
ছাউনি আক্রান্ত !
গুড়ুম
গুড়ুম
গুড়ুম
কী ব্যাপার ? কী হয়েছে ?
টিনটিন, দাঁড়াও !
গুড়ুম
দাঁড়াও ! দাঁড়াও !...এর মধ্যে নাক গলাতে যেও না...গুলি লাগতে পারে...
গুড়ুম
গুড়ুম
দুম
চালিয়ে যাও ! আমি আসছি !
দুম
ফস্
ফুস্
ফস্
ভুস্
ফস্
ফস্
ভোস্
?
র‍্যা টা ট্যা ট্র‍্যা ট্যা ট্যা ট
লক লোমন্ড স্কচ হুইস্কি


থামো !
হেই জেনারেল !··· কী মজা···জেনারেল !
জেনারেল ?
হ্যাঁ, হ্যাঁ, জেনারেল !···জেনারেল জিন্দাবাদ !
কোথায় জেনারেল ?
শুভসন্ধ্যা, জেনারেল ! ভাবছিলাম ···ইক্···কী হল আপনার !
সত্যি !···আমরা···ইক্ ···ভারী চিন্তায় ছিলুম···
ত্‌তাই তো···ইক্··· একটু খাচ্ছিলুম !
সত্যি···ইক্···চিন্তা ···ইক্···ভুলে থাকতে !
আপনি এসে পড়েছেন, আর চ্‌চিন্তা নেই···
একদম না !
সেই খুশিতে আর একটু খাই,কি বলো হে ?···
ওফ্
ঢের হয়েছে ! আর এক ফোঁটা খেলেই গুলি করব !
এমনি করে বিপ্লব হবে ? এটা হাসির কথা হল ? ···যত সব পাঁড় মাতালের দল ! অপদার্থ ! যেন ঢেঁকি অবতার···ভাঁড়ের দল !
ইক্
ওক্
তাঁবুতে ফিরে যাও ! এই মুহূর্তে !···পুরো সামরিক সাজে পনেরো মিনিটের মধ্যে কুচকাওয়াজ হবে !···যাও !!
ওফ্
ইক
দেখলে তো ?
দুঃখের কথা !
প্যারাশুটে করে হুইস্কি পাঠিয়ে টাপিওকা তার মতলব হাসিল করেছে ! হা ভগবান ! এই মাতালের দল নিয়ে বিপ্লব ?
আলকাজার !···তাহলে শেষ পর্যন্ত ফিরে এলে ?
হ্যাঁ !


এই যে তিনি ! ···কোথায় যাওয়া হয়েছিল, শুনি ?
শুভসন্ধ্যা, পেগিসোনা !
বলে গিয়েছিলে সেদিন রাত্রেই ফিরবে ! ···আর ফিরলে তিন দিন পরে !
সঙ্গত কারণ আছে, সোনা···
হ্যাঁ হ্যাঁ জানি ! কৈফিয়ত তোমার তৈরিই থাকে ! আর আমি এদিকে ঝুপড়িতে পচে মরছি !···চমৎকার !
জেনারেল কথা দিয়েছিলেন টাপিওকাপোলিসে আমাকে প্রাসাদে রাখবেন ! আর রেখেছেন কোথায় ! না, ছারপোকা আর আরশোলায় ভরা এক খড়ের বিছানায় !
কিন্তু···
এঁরা তোমার বন্ধু ?···এঁরা যদি ভেবে থাকেন এখানে যা ইচ্ছে করতে পারেন, তো ভুল করেছেন !
ধন্যবাদ ! আপনার অসীম অনুগ্রহ ! আপনার স্বতঃস্ফূর্ত অভ্যর্থনায় আমরা অভিভূত ! আমাদের বিনীত শ্রদ্ধার্ঘ্য গ্রহণ করুন ।
চুক্
এক অসহায়া নারী এইভাবে স্বামীর পাশে দাঁড়িয়ে গেরিলা -জীবনের দুঃখকষ্ট এবং আপদ-বিপদ তুচ্ছ করে চলেছেন দেখে তাঁর প্রতি আমাদের শ্রদ্ধার অন্ত নেই !
এটা আমার অন্তরের কথা ॥
তুমি আসবে,আলকাজার ?
যাচ্ছি,সোনা ।
প্রথম পরিচয়ে একটু···ইয়ে··· রূঢ় মনে হলেও মনটি খাঁটি সোনা···
নিশ্চয়, দেখলেই বোঝা যায়···
চমৎকার মহিলা !···যেমন রমণীয় তেমনই কমনীয় ! ···আর ওই বেচারা জেনারেল···
···ওই মাতালদের নিয়ে ওঁর বিপ্লব কখনই সফল হবে না···যদি কেউ সাহায্য না করে । আর সেই সাহায্য আমি করব···হ্যাঁ, আমি, কাথবার্ট ক্যালকুলাস !
আপনি ?
সাহায্য··· ?


না,আমি বোকার মতো আবোলতাবোল বকছি না, কী বলছি আমি জানি !
আপনি কোন···
আমার বোন ??···কেন, আমার বোন আবার কী করল ?···দয়া করে তাঁকে আর এর মধ্যে জড়াবে না···এখন শোনো···
আমি···
বলুন···
এই টিউবটা দ্যাখো ! এর মধ্যেকার এই বড়ি আমার আবিষ্কার । হরেক রকম জড়িবুটি দিয়ে তৈরি···
এটা স্বাদহীন, গন্ধহীন । এতে শরীরে বিষক্রিয়া হয় না । কিন্তু এর একটি বড়িও যদি খাদ্য অথবা পানীয়ের সঙ্গে কাউকে দেওয়া যায় তো যে-কোনও আরক তার কাছে কটু আর বিস্বাদ লাগবে···
···এবং প্রথম যে-ব্যক্তির ওপর আমি পরীক্ষা চালাই সে আপনি, ক্যাপ্টেন !
আমি !
আপনার এত সাহস ?···ডাকাত !···নরখাদক !···মরুৎ, ব্যোম, অগ্নি···
বলেছি না এর সঙ্গে আমার ভগ্নীর কোনও সম্পর্ক নেই !
তা ছাড়া আপনার স্বাস্থ্যের খেয়াল রেখেছি বলে কৃতজ্ঞ থাকা উচিত !
এটা লজ্জা···এটা কলঙ্ক···এটা ব্যক্তিস্বাধীনতার ওপর বর্বর আঘাত !
শান্ত হোন, ক্যাপ্টেন !
ঠিক !···এবং কাল আবার আরাম-বায়াদের ওপর আমার আবিষ্কারের সফল প্রতিক্রিয়া স্বচক্ষে দেখলে···
আপনি যে এই গোল···
না, বাপু, আমি পাগল নই ! এবং এক বয়স্ক ব্যক্তির প্রতি তোমার আর একটু শ্রদ্ধা-ভক্তি দেখানো উচিত !
না, আমি কোন···
বোন ? আবার আমার বোনকে টানছ ?
আমার বোন ???··· দাঁড়াও ····দাঁড়াও···
ঠিক !···আমার তো কোনও বোনই নেই···কখনও ছিল না··· এবং কথাটা মনে রেখো !
বুঝলে ?


ওঁর সঙ্গে থাকো, ক্যাপ্টেন···হুট করে কিছু করে না বসেন ! আমি জেনারেলের সঙ্গে একটু কথা বলে আসি ।
ঠক ঠক ঠক
ভেতরে আসুন !
আরে, বন্ধু তুমি ! এসো, এসো !
বিরক্ত করছি না তো ?
আলকাজার, প্লেট ধোয়া হল ?
এক্ষুনি ধুয়ে দেব, সোনামণি !
বোসো, কী ব্যাপার বন্ধু ?
ফস
আবার চুরুট ?····আসার পর থেকে তিনটে হল !
অ্যাঁ, তাই নাকি ?
আপনি যা বলেছিলেন তা নিয়ে ভাবছি ; যতক্ষণ আপনার পিকারোদের মাথায় হুইস্কি ছাড়া অন্য চিন্তা নেই ততক্ষণ বিপ্লব অসম্ভব !
দুঃখের বিষয়, কথাটা সত্যি ?
কিন্তু কেউ যদি তাদের এই বদভ্যাস ছাড়াতে পারে, তাহলে কী বলবেন ?
কিন্তু, সে অসম্ভব, বন্ধু ।
কিন্তু তবু যদি তুমি তা করতে পারো তবে জাতীয় ব্যাঙ্কের সব সোনার অর্ধেক তোমার, ঈশ্বরের দিব্যি !
অ্যাঁ !
···ইয়ে, মানে, এক তৃতীয়াংশ···
উহুঁ !
মানে···দশ শতাংশ···কেমন ?
আমি একটা কড়িও চাই না, জেনারেল ।
তাহলে তুমি কী চাও, বন্ধু ?
বিপ্লব রক্তপাতহীন হবে এই প্রতিশ্রুতি····প্রতিহিংসা, মৃত্যুদণ্ড বা এই ধরনের কিছু ঘটবে না···
কী ?
তুমি উন্মাদ···অথবা বিশ্বাসঘাতক ! তোমাকে এক্ষুনি গুলি করে মারা উচিত !


মৃত্যুদণ্ড নেই, প্রতিহিংসা নেই, সে কেমন বিপ্লব ?...আজগুবি ! ঠাট্টা করছ না তো ? ...আর ঐতিহ্য ? বিপ্লবের একটা ঐতিহ্য আছে না ? তার কী হবে, অ্যাঁ ?
না, তুমি যা বলছ তা সম্ভব নয়... টাপিওকা আর তার মন্ত্রীরা অত্যাচারী শয়তান...
ওদের মরতেই হবে !...সব কটাকে ! ...মারতেই হবে, বুঝলে ?
বেশ, জেনারেল !
আপনাকে বিরক্ত করলাম বলে দুঃখিত ...
এই ! দাঁড়াও...হয়তো...
বিদায়, জেনারেল ।
?
দুউউউম
কী করলে ?!...
হা ! হা ! ঠাট্টা ! ছোট্ট কাঁদানে গ্যাসের বোমা !
কে করলে ? ...তাকে গুলি করব !
আপনার এক পিকারো । পাঁড় মাতাল...
হুম্ ! এই মাতালদের নিয়ে বিপ্লব সফল করা সহজ নয়, তাই না, জেনারেল ?
বেশ. তোমারই জিত ! তোমার প্রস্তাব আমি মেনে নিলাম !
নিলেন ?



কিন্তু অন্তত টাপিওকা আর মন্ত্রী-দের তো গুলি করতে দেবে···আর তার সামরিক অফিসারদের···দেবে না ?
কাউকেই না, জেনারেল !
তাহলে শুধু টাপিওকা আর তার মন্ত্রীদের···
বলেছি তো, কাউকেই নয় ! রাজি থাকলে বলুন, নয়তো থাক !
কিন্তু এ অন্যায় ! তুমি পরিস্থিতির সুযোগ নিচ্ছ !···বুঝছ না যে তোমার কথামতো কাজ করলে হাস্যাস্পদ হব !
গরর্‌র্‌
অন্তত টাপিওকাকে মারতে দাও ! শুধু টাপিওকাকে, হাতজোড় করছি !
না ।
আমি আপনার পিকারোদের মাতলামি ছাড়িয়ে দেব আর ক্ষমতা দখলে আপনাকে সাহায্য করব ; আর আপনি শপথ নেবেন যে, হিংসা বর্জন করবেন । রাজি ?··· বেশ, তবে বলুন : শপথ করছি !
শপথ করছি···
বেশ, কথা দিলেন কিন্তু । আমিও কথা দিচ্ছি যে, আপনার পিকারোরা আর পানীয় স্পর্শ করবে না ।
বেশ, কিন্তু সাবধান ! আমাকে মিথ্যা আশা দিলে তার পরিণাম কিন্তু তোমার পক্ষে মোটেই ভাল হবে না ! বুঝলে ?
অ্যাঁ···হ্যাঁ !
এই যে, তুমি !
?
ওঁর কি কিছু হারিয়েছে ?
হ্যাঁ, নিশ্চয় কিছু হারিয়েছে !
কিছু হারিয়েছেন মনে হচ্ছে···
না, কিছু হারিয়েছি···
বড়ির কথা বলছিলাম না ? সেই বড়ির বোতলটা ! কোথাও খুঁজে পাচ্ছি না···অবাক কাণ্ড !


মনে হচ্ছে ওঁর বড়ি হারানোয় তুমি খুবই বিচলিত ?
অবশ্যই । আমি জেনারেলকে কথা দিয়েছিলাম যে পিকারোরা আর নেশা করবে না !
কথা দিয়েছিলে ?
হ্যাঁ, তাঁর সৈন্যরা নেশা করে বেহুঁশ হয়ে থাকলে আর বিপ্লব হবে কী করে ?
তাঁর বিপ্লব না হলে আমাদের কোন ঘেঁচু !
অনেক কিছু, ক্যাপ্টেন...
...জনসন-রনসন, কাস্তাফিওর, ইর্মা, ওয়াগনার, আমাদের সব বন্ধুদের ঘোর বিপদ । আর টাপি ওকাকে হটিয়ে আলকাজার ক্ষমতায় এলেই কেবল তাঁদের বাঁচানো যায় ।
তুমি ঠিক বলেছ !
তবে এই নাও সেই রদ্দি বোতল ! যাতে মানুষের আনন্দ কেড়ে নিতে না-পারে সেই জন্যে চুরি করেছিলাম !
?
তুমি নিজেই তাঁকে দিলে ভাল হয় । তিনি কৃতজ্ঞ বোধ করবেন ।
যদি তা-ই বলো...
দেখুন তো, এটাই খুঁজছেন কি না ?
!
ক্যাপ্টেন, আপনি দেবদূত !
চুক্
আপনার অনুগ্রহেই ওই হতভাগ্যরা নেশার কবল থেকে মুক্তি পাবে...আপনার মতোই !
টিনটিন !...টিনটিন !...
জেনারেল ডাকছেন !
শিগগির এসো বন্ধু...টেলিভিশনে তোমার বন্ধুদের বিচার দেখাচ্ছে...
!
এখানে টেলিভিশন ?... নিশ্চয় জেনারেলের আছে !
...দেখুন, মার্লিনস্পাইকের ষড়যন্ত্রকারীদের বিচারের অন্তিম পর্যায় । যাতে সমগ্র বিশ্ব আমাদের দেশের বিচারব্যবস্থার নিরপেক্ষতা উপলব্ধি করতে পারে সেই কারণে আমাদের প্রিয় রাষ্ট্রপতি জেনারেল টাপিওকার নির্দেশে এই বিচার দেখানো হচ্ছে...
বেশ বলেছে !
শ্‌শ্‌শ্‌ !


সম্প্রতি আমাদের প্রিয় রাষ্ট্রপতি আলোচনার জন্য ক্যাপ্টেন হ্যাডক, অধ্যাপক ক্যালকুলাস ও সাংবাদিক টিনটিনকে উদার আমন্ত্রণ জানিয়েছিলেন । তিনি তাঁদের নিরাপত্তার প্রতিশ্রুতিও দিয়েছিলেন । কিন্তু তাঁরা কী করেছেন ? বিশ্বাসভঙ্গ ! প্রথম সুযোগেই তাঁরা পালিয়ে গিয়ে গভীর অরণ্যে তাঁদের কুকর্মের সঙ্গী আলকাজার ও তার দুর্বৃত্তবাহিনী পিকারোদের সঙ্গে যোগ দিয়েছেন !
তাঁদের এই দুষ্কর্মের দ্বারাই প্রমাণিত হয় যে তাঁদের বিরুদ্ধে আনীত অভিযোগগুলি কত সত্য । এবার চলুন, আদালতে যাই । সরকারি উকিল কী বলছেন শুনি···
···আপনার সামনে দু'টি কুখ্যাত চরিত্রের লোক ; তারা তাদের জঘন্য উদ্দেশ্য সাধনের জন্যে আমাদের প্রিয়···
···রাষ্ট্রপতিকে হত্যার উদ্দেশ্য সাধন করতে পুলিশের লোক বলে নিজেদের মিথ্যা পরিচয় দিয়েছে । কিন্তু তাদের এই হীন কৌশলে আমরা প্রতারিত হইনি । ওই নিচু কপাল আর চোরা চাউনিই ওদের চিনিয়ে দেয় !
ওদের ওই পাশব মুখের দিকে তাকিয়ে দেখুন ! পুলিশ ? ওরা ? জোচ্চোর, ভণ্ড, খুনি !
জেনারেল টাপিওকা এবং কুরভিতাশের মহান আদর্শের প্রতি মেকি আনুগত্যের নিদর্শন দেখাতে এরা গোঁফ গজাতেও কসুর করেনি !
মিথ্যে কথা !···জন্ম থেকেই আমরা গোঁফ রেখে আসছি !
আজন্মই গোঁফ বয়ে বেড়াচ্ছি !
চোপ ! প্রশ্ন করলে তবেই জবাব দেবে !
···আত্মপক্ষ সমর্থনের উপযুক্ত কোনও যুক্তিই এদের নেই ! মৃত্যুদণ্ডই এদের যোগ্য শাস্তি !
দেখলে তো ? তোমার মতো বিবেকের বালাই আছে এদের ?
মৃত্যুদণ্ড !!···ও কিন্তু রেখে-ঢেকে বলে না···যা করতে চায় পষ্ট করেই বলে !
সময় নষ্ট করার কষ্ট করে না !
কিন্তু আমাদের কাছে দলিলপত্রে অকাট্য প্রমাণ আছে যে, এই ষড়যন্ত্রের আসল নায়িকা এক মহিলা !!!
মহিলা···না দানবী ? দুষ্কর্মের সহায়তায় তিনি তাঁর প্রতিভার অপপ্রয়োগ করেছেন ! সেই মহিলা এই বিয়াংকা কাস্তাফিওর ! মিলানের কোকিলকণ্ঠী গায়িকা !


এই ভুজঙ্গ-হৃদয় দানবী, এই সুধাকণ্ঠী ভয়ঙ্করী… এর জন্যে যাবজ্জীবন কারাদণ্ডের প্রার্থনা না দাবি, জানাচ্ছি !
প্রতিশোধ মধুর, তাই না, কর্নেল ? হা ! হা ! হা !
যা বলেছেন ! হা ! হা ! হা !
যাবজ্জীবন কারাদণ্ড ?…ঠিক শুনেছি তো ?…তালপাতার সিপাই আমার, তুমি একটি সঙ !
চোপ্ !!!
নয়তো তুমি এক বদ্ধ পাগল, বন্ধু !
চোপ্ !!!
তোমার দলিলে অকাট্য প্রমাণ ? ফুঃ ! জাল ! সাজানো ! নিকুচি করেছে তোমার দলিলের ! আমি ওর পরোয়া করি না !
চোপ্ !!!
হ্যাঁ, ওই দলিল এক তামাশা !
তোমার তামাশা !! হাসি পাচ্ছে ! আহ্ ! হা ! হা ! আহ্ !
আ আ আ ! আআ আ !
আহা ! এই মোর অপরূপ রূপ
চুপ করো !
সবাইকে বের করে দাও !
রক্ষী !
রণরঙ্গিনী খেপেছে !
প্রচারে বিঘ্ন ঘটায় দুঃখিত
কু-উ কু-উ কু-উ কু-উ
বিরতি
কাণ্ডটা দেখলে ! জনসন-রনসনের মৃত্যুদণ্ড !…কাস্তাফিওরের যাবজ্জীবন কারাদণ্ড !…এদের কী করে উদ্ধার করি ?
বিপ্লব শুরু করে !…কিন্তু যতক্ষণ না আপনার বন্ধু টিনটিন…
…তার কথা রাখছে, বিপ্লবের সম্ভাবনা নেই। আগে পিকারোদের নেশা ছোটাতে হবে…তখন এর উপরেই সব নির্ভর করছে…
ওকে ফাঁসি দাও !
গুপ্তচরকে খুন করো !
বাঁচাও !!
?
?


মেরে ফেললে !···বাঁচাও !!
প্রোফেসরের গলা !
বিশ্বাসঘাতককে মারো !
ফাঁসিতে ঝোলাও !
জেনারেল, লোকটা বিশ্বাসঘাতক, অন্তর্ঘাতী !···খাবারের মধ্যে বোতল থেকে বিষের বড়ি ঢালছিল, - হাতেনাতে ধরে ফেলেছি !
সন্দেহ নেই, আমাদের বিষ খাওয়াবার চেষ্টা করছিল ! ওকে মেরে ফেলা হোক !
জেনারেল ?
বলো ?
!
ভয় নেই ! ইনি পিকারোদের একজন বিশ্বস্ত বন্ধু । আমি জানি ইনি তোমাদের খাবারে বিষ দিচ্ছিলেন না, ভিটামিন 'সি' দিচ্ছিলেন । কেন ?···তোমাদের আরও শক্তিশালী করে তোলার জন্যে, ওই ঘৃণ্য টাপিওকার জীবনের আলো মুছে ফেলার জন্যে ।
আপনি ঠিক জানেন ?
হ্যাঁ ! মানে···
আমি এখানে দাঁড়িয়ে,এটা যেমন সত্যি ! খেয়ে ফ্যালো···কথা দিচ্ছি, কোনও ক্ষতি হবে না !
দুঃখিত, প্রোফেসর···খুব লেগেছে ?
জেগে থাকব কেন ?···রাত হবে না, ঘণ্টা দুয়েকের মধ্যেই বড়ির কাজ শুরু হয়ে যাবে···
তারপরে এদের কেউ আর এক ফোঁটা আরকও পেটে রাখতে পারবে না···ঠিক আপনার মতো, ক্যাপ্টেন !···চমৎকার না ?
হুম্‌ম্ !
শাবাশ, বন্ধু, শাবাশ !
উঁ হুঁ হুঁ···
এই মহৎ কাজের স্বীকৃতিস্বরূপ আপনাকে "পরমবীর" উপাধিতে ভূষিত করলুম !
ক্ষীর ?···চমৎকার ! একটু চিনি ছড়িয়ে···
জেনারেল যা-ই বলুন, আমি খাচ্ছি না !
এই সব ওষুধকে বিশ্বাস নেই, ভাই···


ওই দ্যাখো, ক্যাপ্টেন···ওরা সন্দেহ করছে···এই খাবার না-খেলে ওরা সুরা খেয়েই যাবে, বিপ্লব আর হবে না··· রনসন···জনসনেরও প্রাণ যাবে···
ওই তো ওদের কুকুরটা রয়েছে। ওকে এই ভিটামিন মেশানো খাবার দিয়ে দেখি··· ও খেলে আমরাও খাব···
ও ঠিক বলেছে !
সেই ভাল !
আয়, আয়··· তু···তু···
ও আমাকে ডাকছে কেন ?
আয়, আয় !···লক্ষ্মী কুকুর··· খেয়ে দ্যাখ··· খুউউব ভাল !
লোকটা পাগল নাকি রে বাবা !
হে ভগবান ···খায় যেন···
?
চুক চুক চুক
ইইক্ !
দেখলে তো ? যা কুকুরেও ছোঁয় না তা-ই আমরা খাব ?
ঠিক বলেছ !
কক্খনও না !!
কুট্টুস,এক্ষুনি গিয়ে খেয়ে নে !
কিন্তু···
খাবারটায় কড়া ঝাল-মসলা !
চাকুম চুকুম গপ গপ
আরে দ্যাখো !···ও খাচ্ছে ! তবে তো আমরাও খেতে পারি !
যা খিদে পেয়েছে !
ওরা খাচ্ছে ! তাহলে এবার বন্ধুদের বাঁচাতে পারব !
পিক্ পিক্
!
?


আরে, একটা ...ইক্...ব্বাস !
আজ তাহলে গোলাপি হাতি নয় ?
টাপিওকাপোলিস কদ্দূর, ভাই ?
টাপিওকাপোলিস ?... সর্বনাশ, ভুল রাস্তায় এসেছেন !
যাচ্চলে !...এই সিপাইদের কেউ কি আমাদের সঙ্গে যেতে পারে ? শুনেছি এখানে নাকি গেরিলাদের-মানে ওরা যাকে পিকারো বলে-হামলার ভয় আছে...
আপ্‌নারা পিকারোদের ঘাঁটিতেই এসে পড়েছেন !
ঠাট্টা নয় তো ?
এরা গেরিলা ? সত্যিকারের ?
যেন হুবহু টারজান সিনেমা, তাই না ?
পোস্টকার্ড কোথায় কিনতে পাব, জানেন ?
পোশ...ইক্...কার ?
নিশ্চয় কাছেপিঠে স্মারক বিক্রির দোকান আছে...
আরে, আরে ! তুমি এখানে !!
জলিয়ন ওয়াগ !
ডক্টর লিভিংস্টোন তো ? কেমন আছেন, দোস্ত ? ছুটি কাটাতে ?
না।
নিশ্চয় আমাদের অবাক করে দিতে এই আয়োজন নয় ! আপনাদেরও তো মেলায় থাকবার কথা ! মেলা এবার জমবে ! আমাদের জন্যেই !
আপনাদের জন্যে ?
নয়তো কী ? কলকাকলি গোষ্ঠীর নাম শোনেন নি ? ...আমরাই ! বলুন তো তার পরিচালক কে ? এই অধম !
ওহ্ ! ইয়ে...
পোশাকপরিকল্পনা সানি জিমের...দারুণ, না ?
খুবই মৌলিক !




কী সব ভাঁড়ামি হচ্ছে ?
লোকটা কে ?
জেনারেল আলকাজার, পিকারো-দের নেতা ।
এই যে, ফিল্ডমার্শাল ! আপনিই তাহলে এই বেহেড মাতাল দস্যুদের সর্দার !
এখানে কী করতে এসেছেন ? এইসব নাচনেওয়ালিদের নিয়ে ?···আর আপনারা যে টাপিওকার গুপ্তচর নন তারই বা কী প্রমাণ আছে ?
জেনারেল, দয়া করে একটা কথা শুনুন···
? ? ? ? ? ? ? ?
CLAC... TR2TRRRR... RR... TING ½ CLANG 2 ...CLICK? ×3 1416 ....!!!!..
ঠিক
টিনটিন, বন্ধু আমার, মাথা বটে তোমার একখানা !···তোমাকে আমি দেশরত্ন উপাধিতে ভূষিত করব !
ধন্যবাদ জেনারেল ।
পিকারোশিবিরে সাদর আমন্ত্রণ জানাচ্ছি !
ক্ষমা করুন, বন্ধু ! আপনি কে আমি বুঝতে পারিনি !···আমার বন্ধুর বন্ধুরা আমারও বন্ধু ! মনের আনন্দে থাকুন !
আর আজ সন্ধ্যায় আপনি আর আপনার দলের সবাই আমার অতিথি ! হ্যাঁ, যত খুশি পান-ভোজন ! যা জমবে না !
ওকে কী বললে ?
সময় হলেই জানতে পারবে !



সেদিন রাত্রে···
ব্যাপার কী ?···হুইস্কিটা একেবারে রদ্দি !
ওয়াক্
কী বলছ ? খাসা হুইস্কি !
আমরা কল কল কলকাকলি
খুশির পাখায় উড়ে চলি···
পরদিন সকালে···
?
আলকাজার !···আলকাজার···অনেক বেলা হয়েছে···প্রাতরাশ তৈরি করেছ ?
আলকাজার ?···কোথায় গেলে ?··· জবাব দাও বলছি !
আলকাজার ! সাড়া দাও ! ঠাট্টা ভাল্লাগে না !
?
To Señora Alcazar
সুপ্রভাত ! কাথবার্ট !···এই তালপাতার প্রাসাদে এখনও সবাই নাক ডাকাচ্ছে ?
কাক ডাকছে ? আর বলবেন না ! ওদের জ্বালায় অস্থির !
ইইইইই ! জানোয়ারটা পালিয়েছে !
সোনামণি,
ঘৃণ্য টাপিওকার বিরুদ্ধে বিপ্লব শুরু করতে চললাম। বিপ্লব শেষ হলেই প্রতিশ্রুতি অনুযায়ী তোমার প্রাসাদ পেয়ে যাবে।
আলকাজার
পুনশ্চ : কলকাকলির বাসটা ধার নিলাম আর তোমার দেখাশোনার জন্যে ক'জন পিকারোকে রেখে গেলাম।


আহা, এই কলকাকলি যেন ঈশ্বরের আশীর্বাদ !...তাদের আর তোমার বন্ধু ক্যালকুলাসের কৃপায় আমি ক্ষমতা ফিরে পাব...
বেচারাদের বাস আর পোশাক নিয়ে সটকে পড়াটা অন্যায় হয়েছে বটে, কিন্তু এ ছাড়া আর উপায় ছিল না...
কিচ্ছু ভেবো না ! ওই শয়তান টাপিওকাকে হটিয়ে দিয়েই আমি ওদের উদার হস্তে পুরস্কৃত করব : ওদের সবাইকে খেতাব দেব !
কাল বিকেলেই টাপিওকাপোলিসে পৌঁছে যাব... তার নতুন নাম হবে আলকাজারোপোলিস । কালই উৎসব শুরু । শহরে পৌঁছবার আগে খুঁটিনাটি সব কিছুর ভাল করে মহড়া দিয়ে নিতে হবে...
আমরা কলকাকলির পোশাক পরে নেব, বন্দুক তৈরি থাকবে...
কিন্তু গুলি ছোড়া বারণ !
পরদিন বিকেলে...
আমার সাহসী সিপাইরা, পৌঁছে গিয়েছি ! প্রত্যেকে নিজের কর্তব্য মনে রেখো...
টাপিওকা জিন্দাবাদ
লক লোমণ্ডের সৌজন্যে


ইতিমধ্যে···
জানলার সামনে এত লোক জড় হতে দেওয়া কি বিপজ্জনক নয়, জেনারেল ! ভিড়ে কোনও পিকারো ঢুকে গেলে আপনি একেবারে তার সহজ শিকার···
না, কর্নেল, বিপদ নেই···
···দৈবক্রমে কিছু সশস্ত্র পিকারো যদি ভিড়ের মধ্যে ঢুকেও পড়ে, তারা আর বন্দুক ছোড়ার মতো অবস্থায় থাকবে না ! প্যারাশুটের সাহায্যে হুইস্কি সরবরাহ প্রকল্প পুরোপুরি সফল হয়েছে ।
গুপ্তচরেরা পাকা খবর দিয়েছে : আলকাজারের লোকেরা সব সময় বেহেড হয়ে আছে···যুদ্ধ করা তাদের সাধ্যের বাইরে···
পৌঁছে গিয়েছি !
সবাই নেমে পড়ো !
সাবধান, ক্যাপ্টেন ! মনে রাখবেন আপনি কলকাকলির শিল্পী !
কিচ্ছু ভেবো না !
আমরা কল কল কলকাকলি খুশির··· পাখায় উড়ে চলি
এরা কোথাকার লোক !
প্রোগ্রামে লেখা আছে : "কলকাকলি ইউরোপের এক দাতব্য বাদকদল ।"
চমৎকার !···তালটা খেয়াল করো ! আমাদের রক্ষীরাও ওদের সঙ্গে নাচতে শুরু করেছে !
তৈরি !···কলি শেষ হলেই ক্লোরোফর্ম !
···উড়ে চলি !
?
এটাকে অন্যগুলোর সঙ্গে বারান্দায় রেখে এসো । তোমাদের বন্দুকও ওখানে···



হাঃ ! হাঃ ! হাঃ ! ভারি ফুর্তিবাজ তো ! ওদের কয়েকজনকে এখানে ডেকে আনো, একটু কথা বলতে চাই !
যো হুকুম ! জেনারেল !
আমাদের ডেকেছেন, জেনারেল ? আমরা হাজির !...উৎসবের শুভেচ্ছা জানাই !
? ! ?
এটা কেমন রসিকতা ?
রসিকতা নয়, টাপিওকা । দ্যাখো আমি কে !
আলকাজার !!!
প্রাক্তন জেনারেল টাপিওকা, বলো জেনারেল আলকাজার !
দ্যাখো, ক্যাপ্টেন । কর্নেল আলভারেজ -এর পাশে ওই অফিসারকে চিনতে পারছ ?
প্রলয়ঝঞ্ঝা ! এযে স্পঞ্জ !
শোনো টাপিওকা, আমরা এই ছোট্ট ভাষণটি লিখে এনেছি । তুমি এটি চেঁচিয়ে পড়ো । অবশ্য টেপে রেকর্ড করে নেব...
কক্ষনও না !
ছি, বন্ধু !..."কক্ষনও না" কথাটা কখনও বলতে নেই !
বেশ, সন্ত্রাসের কাছে হার মানলেও প্রতিবাদ করছি !
নাও, শুরু করো ! যেন বিশ্বাসযোগ্য মনে হয় !
প্রিয় দেশবাসিগণ, আজ উৎসবের দিনে আমাদের দেশের ইতিহাসে এক নতুন অধ্যায় শুরু হচ্ছে...
...কারণ আজ আমি আমার সমস্ত ক্ষমতা জেনারেল আলকাজারকে হস্তান্তর করবার সিদ্ধান্ত করেছি । এখন থেকে তিনিই আমাদের প্রিয় মাতৃভূমিকে সার্বিক উন্নতির পথে পরিচালিত করবেন । সান থিওডোরোস জিন্দাবাদ । জেনারেল আলকাজার জিন্দাবাদ !
ধন্যবাদ বন্ধু ! তোমার ঘোষণা রেডিওতে দারুণ সাড়া জাগাবে !


এই যে ক্যাসেটটা !···পেড্রো, তুমি তোমার সঙ্গীদের নিয়ে বেতারভবনে যাও । ঘোষণাটি যেন এক্ষুনি প্রচার করা হয়···বুঝলে ?
আজ্ঞে,হ্যাঁ !
অভিনন্দন, জেনারেল !···টাপিওকা মুর্দাবাদ ! ওকে কি এক্ষুনি গুলি করা হবে ?
জেনারেল আলকাজার জিন্দাবাদ !
টাপিওকাকে গুলি করুন !
জেনারেল আলকাজার জিন্দাবাদ !
মৃত্যুদণ্ডের প্রথা বাতিল !···ওকে প্রাণে মারা হবে না !
কিন্তু জেনারেল, এ তো রীতিবিরুদ্ধ···জনগণ বড় হতাশ হবে···
কর্নেল ঠিক বলেছে, জেনারেল···দয়া করে আমাকে ক্ষমা করবেন না ! আমার ইজ্জত যাবে !
মিনতি করছি, জেনারেল !
আমার সিদ্ধান্ত চূড়ান্ত : তোমাকে হত্যা করা হবে না ! তোমাকে একটি বিমান দেব, তুমি যেখানে খুশি চলে যেতে পারবে ।
আপনি কি পাগল হয়েছেন ?
না,আমি না···এ পাগল ! এই ছোকরা আমাকে দিয়ে কবুল করিয়ে নিয়েছে যে, অভ্যুত্থান হবে রক্তপাতহীন !····আমি অত্যন্ত দুঃখিত···
এসো, স্পঞ্জকে অভ্যর্থনা জানানো যাক···
বুঝেছি, আদর্শবাদী ! একালের ছেলেদের কিছুর প্রতিই শ্রদ্ধা নেই···প্রাচীনতম ঐতিহ্যের প্রতিও নয় !
দিনকাল বড় খারাপ !
ফের দেখা হল, কর্নেল স্পঞ্জ !
!
ভয় নেই, স্পঞ্জ । তোমারও গর্দান যাবে না । বরদুরিয়ায় সবাই তোমার পথ চেয়ে আছে । তাই তোমার জন্যে জোহোদের টিকিট কাটা হয়েছে !
এই ভাঁড়টা পালাচ্ছিল, ধরে ফেলেছি···
এযে টিনটিন !··· মরেছি !
পাবলো !
দয়া করুন ! আমাকে গুলি করবেন না !
তুমি ক্রিমি-কীট ! তোমার অপরাধে এই দণ্ডও লঘু !


ভয় নেই,পাবলো ! তোমাকে কেউ কিছু বলবে না । তুমি একবার আমার প্রাণ বাঁচিয়েছিলে সে-কথা আমি ভুলিনি··· তুমি যেতে পারো···বিদায়, পাবলো !
ভুল করলে, টিনটিন ! পরে পস্তাতে হবে । নিজের হাতে বিষবৃক্ষের চারা লাগালে !··· আসলে···
সর্বনাশ ! মানিকজোড় !
জেনারেল, আমরা কথা বলছি, ওদিকে হয়তো জনসন-রনসনকে ওরা মেরে ফেলল !
ওহ, হ্যাঁ···তাই তো ! তাই তো !
হ্যাঁ, জেনারেল, আর ঠিক বাইশ মিনিট বাদেই দণ্ডের আদেশ পালিত হবে !
সর্বনাশ ! এক্ষুনি জেলকে বলো দণ্ডাদেশ বাতিল !
এক্ষুনি বলছি !
ক্রিইইইং
ক্রিইইইইং
····পঞ্চাশ সেকেণ্ড····পিপ্ পিপ্ পিপ্····তিনটে ঘণ্টা বাজলেই ঠিক পাঁচটা-আটত্রিশ···
?
?
ইচ্ছে করে করেছ । এবার ঠিক নম্বর ডায়াল না-করলে তোমাকে গুলি করাবো !
ক্রিইইইইং
ক্রিইইইইইং
····পিপ্ পিপ্ পিপ্···পাঁচটা চল্লিশ হয়ে দশ সেকেণ্ড···
এবার গোলমাল হলে আমি নিজে যোগাযোগ-মন্ত্রীকে গুলি করে মারব !
এই নম্বরে কোনও ফোন নেই । দয়া করে ডাইরেক্টরি দেখুন ।
আমরা জেলখানায় ছুটে না-গেলে বাঁচানো যাবে না !
কর্নেল তোমাকে সঙ্গে নিয়ে যাব । পৌঁছতে দেরি হয়ে গেলে ওর গর্দান নেব ।
ঈশ্বরের দোহাই···জোরে ছুটুন !


এদিকে…
আমি অত্যন্ত দুঃখিত, সময় হয়ে গেছে…যেতে হবে…
হ্যাঁ, সময় মেনে চলতেই হবে।
অর্থাৎ এবার চলার সময়!
ভাববেন না। জঘন্য একটি মুহূর্ত, তবে একটু বাদেই ভুলে যাবেন।
সান থিওডোরাস জাতীয় বেতার : মহামান্য রাষ্ট্রপতি জেনারেল টাপিওকার একটি বিশেষ ঘোষণা প্রচারিত হচ্ছে…
গাড়ি !…একটা গাড়ি ধরে নিতেই হবে !
লাভ নেই ! এই ভিড়ে গাড়ি যেতে পারবে না !
তাহলে কী করা যায় !
দ্যাখো ! ওই প্রদর্শনীর ট্রাকটা
মানে ? তুমি বলতে চাও…
হ্যাঁ ! এটাই একমাত্র উপায় !
শোনো !…তোমরা বাজিয়ে যাও !
বাজিয়ে যাও ! থেমো না !
ড্রাইভার !…জেলখানা ! আরও জোরে… যত জোরে পার !
আরও জোরে ? মাল নিয়ে !… নিশ্চয় ঠাট্টা করছেন !


পিক পিক ক্রউউম
পিঁইক
ইতিমধ্যে···
চোখ বেঁধে ? কভি নেহি ! জনসনরা মৃত্যু দেখে ডরায় না !
কথাটা হবে, জনসনরা ডরালে মৃত্যু দ্যাখে !
দিনটা আপনাদের পয়া ! বধ্যভূমিতে সঙ্গীতের আনন্দ !
সময় থাকতে পৌঁছতেই হবে !
সা-আ-আ-স্ত্রী !···প্রস্তুত !
একটা জুতসই বিদায়বাণী কী হতে পারে, বলো তো ?
ইয়ে···"এসো ভাই জনসন, আলিঙ্গনে ধরা দাও"··· এটা চলবে !
সান্ত্রী ! তাক করো !···
থামো !···বন্দুক ফেলে দাও !··· সবাই হাত ওপরে তোলো···


কয়েক মিনিট পরে···
কান ঘেঁষে বেরিয়ে গেছে, কী বল ?
তাই নাকি ? গানবাজনার শব্দে শুনতে পাইনি···
আর এঁদের বন্ধুরা সব কোথায় ?
চলুন, এক্ষুনি সেখানে নিয়ে যাচ্ছি, কর্নেল !
ওঁদের যত্নের কোনও ত্রুটি হয়নি, কর্নেল ! ওঁরা নিজের মুখেই সে-কথা বলবেন···
বললে তোমাদেরই মঙ্গল !
এটা শ্রীমতী কাস্তাফিওরের সেল ! ওরা এক্ষুনি তাঁকে খাবার দিতে গেল···
···এই শেষ বারের মতো বলছি !
?
!
···আমার পাস্তা ঠিকমতো রান্না করবে, কানে ঢুকছে ? ···“পরিপাটি” করে, ইতালিতে আমরা যেমন বলি !
ও মা !···এ কে ? ক্যাপ্টেন হেমলক !
আসুন, প্রিয় বন্ধু !···আমার বাহুবন্ধনে !
না !!
ঠিক জানতাম আমাকে এই নরক থেকে উদ্ধার করতে আপনি আসবেনই !
আর এই যে মিস্টার ইগর ওয়াগনার···
···আর আপনার পরিচারিকা···
আহা, ইরমা, তোমার অভাব পায়ে পায়ে অনুভব করেছি !
আঃ, কী আনন্দ ! সবাই আবার একসঙ্গে মিলেছি ! গান গাইতে প্রাণ চাইছে !
না ! না !
না !
ওটা নয় !



পরদিন সকালে···
স্থল, নৌ আর বায়ু—তিনটি বাহিনীই আমার আনুগত্য স্বীকার করেছে ! ওফ্ ! কী দারুণ জয় !
অবশ্য এই সাফল্য কিছুটা তোমাব জন্যে···হ্যাঁ, হ্যাঁ ! আলকাজার অনুদার নয় : তোমাকে "দেশরত্ন" খেতাব দেওয়া হবে । আর সেই পাঁচ শতাংশ···
দয়া করে ওটা ভুলে যান, জেনারেল !
জেনারেল, শ্রীমতী আলকাজার আর কলকাকলির শিল্পীদের আনতে যে-বাস পাঠিয়েছিলেন সেটা ফিরে এসেছে ।
উত্তম ! সবাইকে এখানে নিয়ে এসো···
এই যে,আলকাজার ! তুমি এখানে! বলি ব্যাপারটা কী, অ্যাঁ ? আবার ছুটি না নিয়ে পালিয়েছ ?
সব বুঝিয়ে বলব, সোনা···
মিঃ ওয়াগ, আমাদের লক্ষ্য অর্জনে আপনি যে-সাহায্য করেছেন তার জন্যে দেশবাসী আপনার কাছে কৃতজ্ঞ । তাই আমি আপনাকে ও কলকাকলির সকল শিল্পীকে "দেশরত্ন" খেতাবে ভূষিত করছি এবং আগামী বছর উৎসবে যোগদানের জন্যে আমন্ত্রণ জানাচ্ছি !
এবং প্রোফেসর, যে-গুরুত্বপূর্ণ ভূমিকা আপনি পালন করেছেন তার স্বীকৃতিস্বরূপ আপনাকে সর্বোচ্চ খেতাব "পত্রভূষণ দেশরত্ন" প্রদান করছি ।
না, ধন্যবাদ বন্ধু । খিদে নেই ।
সবাই বলো, আলকাজার যুগ যুগ জিও !
আর সোনামণি···কথা দিয়েছিলুম তোমাকে একটি প্রাসাদ দেব, কথা রাখছি । এখন থেকে এই প্রাসাদটি তোমারই !
কথা রেখেছ তো মাথা কিনেছ ! কিন্তু এই গুদামটা তো আর তোমাকে সাফ রাখতে হবে না ! কাজেই এখন থেকে যেখানে-সেখানে চুরুটের ছাই ফেলা বারণ···বুঝেছ ?
দু'দিন বাদে···
গেঁড়ি-গুগলির ঝাঁক । এবার মার্লিনস্পাইকে গিয়ে একটু হাঁফ ছেড়ে বাঁচব···
আমিও,ক্যাপ্টেন···
আমিও, তবে সঙ্গে একটু রাই চাই ।
আলকাজার জিন্দাবাদ
সমাপ্ত